নিবেদন
Nibedan

দুর্গা পূজা ২০১২ বিশেষ সংখ্যা

Durga Puja 2012 Special Issue

Volume 16, Issue 1
27 October 2012

Editor
Partha Saha

Design & Compose
Partha Saha

Publisher
On behalf of-
Bangladesh Society for Puja & Culture Inc.
Partha Saha
Public Relations Secretary

Contact
Nibedan
PO Box 1151
Ashfield NSW 1800
prs_bspc@yahoo.com.au
www.bspc.org.au

Contact Phone

Partha Saha	0423 654 416
Litu Podder	0408 020 688
Sandip Guha	0412 850 972

On behalf of the Bangladesh Society for Puja & Culture, I welcome you and your family to the auspicious occasion of our Durga Puja 2012.

We are glad to say that this year again we will be celebrating Durga Puja with the sound of Shankha, Dhak and the hymes of Pushpanjali or the fragrance of dhoop and the traditional lip smacking Bhoge Prosad.

We hope to be immersed in the spirit of Durga Puja and the feeling of happiness and joy that fill our hearts when we offer our prayers to Maa Durga.

Our devoted members in BSPC are working tirelessly to make this puja enjoyable for both you and your family, while also considering that many of us here are far away from our true homes and loved ones.

We are also happy to inform you that we are able to maintain the high quality of publication of "Nibedan" as we have held onto this last years. For this faithfulness, we express our gratitude to our writers and sponsors for their contributions.

I would also like to thank our publication team for their hard work and sleepless nights to bring this "Nibedan" to your hands on this Durga Puja.

Jai Maa Durga……...

- Partha Saha

এ বিশেষ সংখ্যায়

সম্পাদকীয়	১
Greetings	২
Forms of Maa Durga — *Narayan Chowdhury*	৩
ADYA- Shakti : The Supreme Power— *Dr Renu Deb-Das*	৪
শ্রীদুর্গাপূজার তত্ত্বকথা – *নিখিল রঞ্জন দাম*	৫
শ্রীশ্রী গয়াধাম – *তপন বিশ্বাস*	৬
Mother Durga and the Krishna Consciousness— *M K Bhattacharya*	৭
সোসাইটি সংবাদ	৮
CPCL News	৮
গুরু, গুরুভক্তি ও গুরুভক্তির পরাকাষ্ঠা – *ডঃ সন্তোষ রায়*	১৪
শান্তি, সহাবস্থান ও দেবী দুর্গা – *অজয় দাশগুপ্ত*	১৬
প্রার্থনা – *সুদীপ্তা গোস্বামী*	১৬
Youngsters Page	১৭
শ্রী শ্রী দুর্গাদেবি পুষ্পাঞ্জলির মন্ত্র	২২
নীলকণ্ঠ – *অশোক রায়*	২৩
Public Speaking & Debate Competition in Pictures	২৪

EXECUTIVE COMMITTEE

President
Mr Sandip Guha
0412 850 972

Vice President
Mr Utpal Shaha
0431 393 890

General Secretary
Mr Litu Podder
0408 020 688

Assistant General Secretary
Mr Swapan Biswas
0421 133 031

Treasurer
Dr Ashutosh Barai
0431 843 302

Cultural Secretary
Mr Rathindra Nath Dhali
0431 233 883

Public Relations Secretary
Mr. Partha Saha
0423 654 416

Executive Members
Dr Narayan Das
0433 162 753

Mr Sushovan Das
0425 435 352

Mr Nirmal Chowdhury
0404 040 163

Mr Nirmalya Talukder
0401 227 529

Greeting from the President

Welcome to the Durga Puja Festival 2012. Devotees on earth welcome Her with 'dhak' beats and great pomp. In our custom a face unveiling ritual is followed by some other rituals like 'bodhon', 'amontron' and 'adhibas'. Finally the Durga Puja commences and we believe the Goddess will fulfil the wishes of all devotees. The essence of Durga Puja is to embrace peace and happiness and avoid evils from the society.

A society is a community of people where there are rules and regulations to enable everyone harmony. It consists of variety of people each with different talents, and beliefs but working together in cooperative way. There are opportunities for learning in the larger society and also the opportunities for entertainment. Bangladesh Society for Puja and Culture is almost exactly like the larger society. Here people, irrespective of cast, creed and religion working together for its smooth running.

Like all previous years, this year also we have tried our best to successfully organize our social and cultural activities. I also thank to the executive committee, to all others members and well wishers for maintaining its aesthetic values.

So in the end, I should pray to “Divine Mother “to give us enough courage to do well for the betterment of mankind.

Enjoy the day and Thank you.

- Sandip Guha

Greeting from the General Secretary

Namaskar!

By the blessing of Divine Mother we are able to continue celebration of Durga Puja Festival this year. I welcome all our members, friends and well-wishers to this celebration.

Maa Durga also known as Bhavani, Amba, Chandika, Gauri, Parvati, Mahishasuramardini. Shi is the symbol of courage, strength, ethics and protection. She is the destroyer of sin and evil and the saviour of morality and ethics. Thank you for joining us on this auspicious celebration to pray together to Maa Durga for peace and harmony among mankind.

I would like to extend my heartfelt thank to all members of our society and well-wisher for their valuable participation and contribution for making this celebration successful.

Durga Puja is the time for fun, feasts and celebration so please enjoy!

- Litu Podder

FORMS OF MAA DURGA

- Narayan Chowdhury

Maa Durga appears in different forms. As the ten-armed Goddess, Maa Durga presents a radiantly beautiful form that is bewitching to behold. That special form is somehow simultaneously wrathful and benign and transmits profound spiritual teachings in an exacting manner. The nine-day period from the new moon day to the ninth day of Ashvina is considered the most auspicious time of the Hindu calendar and is hence, the most celebrated time of the year as Durga Puja. The nine different forms of Devi are worshiped over the nine days.

The most popular forms under which she is worshiped are:

1) **Shailaputri (daughter of mountain)**
2) **Brahmacharini**
3) **Chandraghanta**
4) **Kushmanda**
5) **Skanda Mata**
6) **Katyayan**
7) **KalRatri**
8) **Maha Gauri**
9) **Siddhidatri**

1) Shailputri (Daughter of Mountain)

As daughter of Himalaya and first among nine Durgas (in the previous birth she was the daughter of Daksha). Her name was Sati – Bhavani, i.e. the wife of Lord Shiva. Once Daksha had organized a big Yagna (praying with lighting a fire) and did not invite Shiva. But Sati being obstinate, reached therein that Yagna, Daksha insulted Shiva. Sati could not tolerate the insult of her husband and burnt herself in the fire of Yagna. In other birth she became the daughter of the Himalaya in the name of Parvati Hemavati and got married with Shiva. As per Upanishad (one of our religious scriptures) she had torn the egotism of Indra (king of Heaven), and other Devtas. Being ashamed they bowed and prayed that, "In fact, thou are Shakti (power), we all-Brahma, Vishnu and Shiva are powerful only with your power."

2) Brahmacharini

The second Durga Shakti is Brahamcharini. Brahma that is who observes penance (tapa) and good conduct. Here 'Brahma' means 'Tapa'. The idol of this Goddess is very gorgeous. There is rosary in her right hand and 'Kamandal' in left hand. She is full with merriment. A famous story about her is, in the previous birth, she was Parvati Hemavati, the daughter of Himvan. Once when she was busy in playing games with her friends, Naradaji (messenger of Gods) came to her and predicted seeing her palm-lines that, "you will get married with a naked-terrible 'BholeBaba' who was with you when you were in the form of Sati, the daughter of Daksh in previous birth. But now you have to perform penance for him." There upon Parvati told her mother Menaka that she would marry none except Shambhu, otherwise she would remain unmarried. Saying this she went to observe penance. That is why her name is famous as Tapacharini, Uma – the Brahmacharini. From that time her name Uma became familiar.

3) Chandraghanta

The third Shakti is **Chandraghanta**. There is a half-circular moon in her forehead. She is charming and bright. She is Golden in colour. She has three eyes and ten hands holding ten types of weapons, bow and arrows etc. She is seated on Lion and ready for going into war to destroy the evils. She is the unprecedented image of bravery. The frightful sound of her bell terrifies all the opponents, demons and Danavas (Ashuras).

4) Kushmanda

The fourth Durga is **Kushmanda**. The Shakti creates egg, i.e. universe by mere laughing. She resides in the solar systems. She shines brightly in all the ten directions like the Sun. She has eight hands. Seven types of weapons are shining in her seven hands, Rosary is in her right hand. She looks brilliant riding on Lion. She likes the offerings of 'Kumhde', therefore her name 'Kushmanda' has become famous.

5) Skanda Mata

The fifth Durga is **Skanda Mata.** The daughter of the Himalaya, after observing penance got married with Lord Shiva. She had a son named 'Skanda'. Skanda is a leader of the army of Gods. Skanda Mata is a deity of fire. Skanda is seated in her lap. She has three eyes and four hands. She is white and seated on a lotus.

6) Katyayani

Sixth Durga is **Katyayani.** The son of 'Kat' as 'Katya'. Rishi Katyayan was born in this 'Katya' lineage. Katyayan had observed penance with a desire to get Paramba as his daughter. As a result she took birth as a daughter of Katyayan. Therefore, her name is 'Katyayani'. She has three eyes and eight hands. There are eight types of weapons, missiles in her seven hands. She is riding on Lion.

7) Kalratri

Seventh Durga is **Kalratri.** She is black like night. Her hairs are unlocked. She has put on necklaces shining like lightening. She has three eyes which are round like universe. Her eyes are bright. Thousands of flames of fire come out of her nose while respiring. She rides on Shava (dead body). There is a sharp sword in her right hand. Her lower hand is in blessing posture. The burning torch (moshal) is in her left hand and her lower left hand is in blessing style, by which she assures her devotees not to be afraid of. Being auspicious she is called 'Shubhamkari'.

8) Maha Gauri

Eighth Durga is '**Maha Gauri'**. She is as white as a conch,

(Continued on page 12)

ADYA- SHAKTI : THE SUPREME POWER

- Dr Renu Deb-Das

[This article is dedicated to my Late Parents]

"Ya devi Sarbabhutesu Shakti-rupena Sansthita
Namastasyei Namastasyei,
Namastasyei Namonamah."

- Sri Sri Chandi

Mahamaya, the power of Mahashakti (*The Suprme Power*) plays a vital role in creating the three qualitative shapes. Mahashakti, the Supreme power, is called *Durga Shakti.* The conceptual power has been imagined by the Hindus as Durga Shakti. By the help of the Supreme soul (Adi Purusha) and the Supreme Power (Adyashakti), three other shapes have been created from the Supreme Power. They are *Brahma, Vishn*u and *Shiva*; and from the supreme power the shapes created are *Maha Saraswati, Mah*a *Laxmi* and *Mahakali*. *Maha Saraswati* is well known as *Brahmani, Mahalaxmi* as *Vaishnavi* and *Mahakali* as *Maheswari*. **Durga Shakti** is the fundamental cause of all the present or past worldly occurrences.

The power of the supreme soul and the energy of supreme power combined together stands at the root of creation of the *Universe.* This supremacy is the very essence of all forms of worldly knowledge. So it is usually referred to as something beyond limits of manifestation, *super knowledge or kinetic energy* or *potential energy*. She is manifested and characterised in different shapes & forms. According to the principles of three qualities of *Satwa*, *Raja* and *Tama*, **Durga Shakti** is the *symbol* of *Satwa*. *Natural power* is the symbol of *Raja* and General Energy is the symbol of *Tama*. Durga Shakti is called as *Adhyashakti, or Paramatma Shakti* or *Ati Prakrutika Shakti.*

This **Shakti** creates and controls the *Universal Energy*. General Energies are called *Jada Shakti* or *Tamashakti*. In the age of destruction, there is more necessity of

Jada Shakti and the people keep faith on Jadashakti [*Shiva* (The destroyer) and the Tamarupee Shakti *Kali*]. The Pancha Mahabhuta Shakti or Prakrutika Shakti is the power of *Panch Mahabhuta* or *the earth*, *water, fire* or *the sun, Air* and *Sphere*. *Earth* is creative energy, *water* is energy of expression, *sphere* is preservative energy, *air* is serpentine power and *fire* is destructive energy. These energies are well known as *Natural Energy*. **Universal Energies** are based on the *Natural Energy*. Without the help of the *Natural power*, the *general energy* can not be produced. *Kinetic Energy, potential*, *electrical, magnetic, sound* and *atomic*- all energies are produced from the *Nature*. Without water, the electricity can not be produced and without air, the sound energy can not be generated. So all the energies are being produced and controlled by the *Supreme power* or ***Durga Shakti***. This power makes stationary objects movable and impossible to possible.

Supreme Mother, *Debi Adyashakti Mahamaya, Durge-Durgatinashini*, represents the empowering and protective nature of motherhood. The *divine Mother*, manifests herself in various forms, representing the *universal creative force*. She becomes *Mother Nature* (*Mula Prakriti),* who gives birth to all life forms as plants, animals, and such from Herself; and she sustains and nourishes them through her body, that is the *earth* with its animal life, vegetation, and minerals. Ultimately, She reabsorbs all life forms back into Herself, or "*devours*" them to sustain Herself as the power of death feeding on life to produce new life. She also gives rise to *Maya* (the illusive world) and to *prakriti*, the force that galvanizes the divine ground of existence into self-projection as the cosmos.

Shakti, meaning sacred *force* or *empowerment*, is the *elemental cosmic energy* and represents the dynamic forces that are thought to move through the entire Universe in *Hinduism*. Shakti is the concept, or personification, of divine feminine creative power, sometimes referred to as *'The Great Divine Mother'* in Hinduism. Not only is the *Shakti* responsible for creation, it is also the agent of all change. *Shakti* is cosmic existence as well as liberation, its most significant form being the *Kundalini Shakti,* a mysterious *psycho-spiritual force*. *Shakti* exists in a state of *Svātantrya*, dependent on no-one, being interdependent with the entire universe. In ***Shaktism***, *Shakti* is worshipped as the *Supreme Being*.

However, in other Hindu traditions of *Shaivism* and *Vaishnavism, Shakti* embodies the active feminine energy *Prakriti of Purusha*, who is *Vishnu in Vaishnavism* or *Shiva in Shaivism.* Vishnu's female counterpart is Lakshmi, and Parvati is being the female *half of Shiva*. The elemental feminine creative-preservative-destructive energy, *Shakti,* is considered to be the motive force behind all action and existence in the phenomenal cosmos.

"Jago tumi jago Durga
Jago Dashapraharana Dharini,
Abhoyo Shaktir Balapradayini
tumi Jago!"

শ্রীদুর্গাপূজার তত্ত্বকথা

- নিখিল রঞ্জন দাম

শ্রী চন্ডী গ্রন্থে মা দেবী দুর্গাকে বিভিন্নরূপে ও বিভিন্ন নামে লেখা আছে | যেমন- দেবীভক্ত চেতনায় দেবী কখনও দ্বিভূজা, চতুর্ভূজা আবার দশভূজা | তবে দেবী দুর্গা তত্ত্বটি খুবই বৃহৎ পরিবেশ অনুসারে শতাধিক নাম আছে | যেমন- পার্বতী, গৌরী, কৌশিকা, চন্ডী, ভ্রমরা, কাত্যায়নী, মাতঙ্গী, ভুবনেশ্বরী, তারা, ষোড়শী, কমলা, ধূমাবতী, ছিন্নমস্তা, অন্নপূর্ণা, মহেশ্বরী, উমা ইত্যাদি| দশ মহাবিদ্যায় কালানুক্রমে দেবী বগলী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, কালা, কমলা, মাতঙ্গী নামে পূজিতা| দেবী দুর্গার নয়টি ভিন্ন রূপ| যেমনঃ- শৈলপুত্রী, ব্রহ্মচারিণী, চন্দ্রঘন্টা, কুষ্মান্ডা, স্কন্ধমাতা, কাত্যায়নী, কালরাত্রি, মহাগৌরী, সিদ্ধিদাতা- এই নয় নামেই দেবীর শক্তির প্রতীকরূপে মহাষ্টমীতে পৃথক নামে নয়টি ঘটপূজা করা হয় | বছরে দেবী দুর্গা আমাদের কাছে দুইবার আগমন করেন| চৈত্র মাসে বাসন্তীকালে যে দেবী দুর্গার পূজা করা হয় তাকে আমরা বলি বাসন্তী পূজা| তবে অকালের বোধন হয় আশ্বিন মাসে শরৎকালে তাকে আমরা বলি শারদীয় দুর্গোৎসব বা দুর্গাপূজা | রামায়ণের কথায় এই দুর্গাপূজার প্রবর্তক শ্রীরামচন্দ্র | আমরা জানি, রামচন্দ্রের সীতা উদ্ধারের জন্য যে দুর্গাপূজা করেছিলেন তাই আমরা মহাসমারোহে পূজা উৎসব করে থাকি | রামের দুর্গাপূজার স্তরের কয়েকটি কথা এই চন্ডমুন্ডা বধের পর দেবীর নাম হয় চামুন্ডা | দেবী পুরাণে উলে-খ আছে- "দেবীর বাহন সিংহ ও সর্বদেবময় কথিত দেবী দুর্গার বাহন শত্রু দর্পসংহারকারী সিংহ স্বয়ং বিষ্ণু কর্তৃক সৃষ্টি এবং তার মধ্যে সর্বদেবাত্মা শক্তি প্রকটিত হওয়ায় দেবীর চরণতলে আশ্রয় নিয়েছে |" দুর্গা কাঠামোতে জিহ্বা বাক্‌তন্ত্রকে নিয়ন্ত্রণ করার শিক্ষা আছে | দশ ইন্দ্রিয়ের লাগাম শক্ত করে ধরতে হবে তবেই রজোগুণ শক্তির উন্মেষ ঘটবে| সম্ভব হলে তমোগুণ বিনাশ করে ত্রিগুণাতীত হলেই ত্রিতাপ জ্বালামুক্ত হওয়া যায়| দেবী ত্রিনয়না তাই বিদ্যাবুদ্ধির সমন্বয়ে মানুষের জ্ঞান চক্ষু উন্মোচন হয়, যা দেবীর তিনটি আলো- সূর্য, চন্দ্র ও অগ্নি |

কালিকা পুরাণে বলা হয়েছে- রম্ভাসুরের একাগ্র তপস্যায় শিব তুষ্ট হলে রম্ভাসুর শিবকেই পুত্ররূপে পাওয়ার জন্য বর প্রার্থনা করলে শিব

স্বীকার করলেন| বর লাভের পর রম্ভাসুর মহানন্দে ঘরে ফিরে গেলে পথে ঋতুমতী পরমা সুন্দরী এক মহিলাকে দেখে কামাসক্ত হয়ে তাকে বিয়ে করেন | পথেই এই নবদম্পতিসহ আর এক অসুর কর্তৃক আক্রান্ত হলে রম্ভাসুর তার স্ত্রীকে রক্ষা করতে গিয়ে নিহত হলো | পরের বছর রম্ভাসুরের স্ত্রীর গর্ভে মহিষাসুরের জন্ম হয় |

তারপর মহিষাসুর কাত্যায়ন মুনির আশ্রমে এক সন্যাসীর তপস্যারত অবস্থায় তার দিকে সুন্দরী নারীর রূপ ধারণ করে অগ্রসর হলে মুনি তখন তাকে অভিশাপ দেন | তুমি নারীরূপে আমাকে প্রতারণা করলে ঠিক তেমনই আর এক নারীর হাতে তোমার নিধন হবে |

পরবর্তীকালে কাত্যায়ন মুনির অভিশাপ মতে দশপ্রহরণী অসুরনাশিনী দেবীর হাতেই মহিষাসুর নিহত হয়েছিল| যার জন্য দেবী দুর্গা আমাদের কাছে মহিষাসুরমর্দিনী নামে পরিচিতা | সেই রণনঙ্গিনী মূর্তি আমরা পূজা করে আসছি | নব পত্রিকা একটি নব বধুরূপিনী কদলীপত্র বানবদুর্গাপূজা | ইহা নয়জন দেবতার একত্র সমাবেশ মাত্র| একটি কলা গাছের সাথে বাধা দাড়িম্ব, ধান্য, হরিদ্রা, মানকচু, কালাকচু, অশোক, জয়ন্তী ও বিল্বদ্বারা বেঁধে একত্রিত করে শাড়ী পড়িয়ে ইহা রাখা হয়| তারপর দেবী দুর্গার সাথে উর্দ্ধে ডানভাগে শিব, ডানপাশে লক্ষী, আরও নীচে ডানপাশে গণেশ, উপরে বামপাশেই সরস্বতী | নীচে বামে দেব সেনাপতি কার্তিকসহ দেব-দেবীর বাহনসহ পূজিতা দেবীর সামনে সিংহ বাহন এবং সংসারে নীচে মহিষাসুর এবং দেবীর পায়ের নীচে খন্ডিত একটি দেহ মহিষ আছে|

বিষ্ণুর আছেন দশ অবতার ও দুর্গার তেমনই আছে দশ মহাবিদ্যা | মহাভারতে আছে দেবীর উপাসনার বিষয় আছে এবং মহাভারতের ভীষ্ম পর্বের অষ্টাদশ অধ্যায়ে অর্জুনকে শ্রীকৃষ্ণ কুরুক্ষেত্রের যুদ্ধ জয়লাভের জন্য যুদ্ধ আরম্ভের পূর্বে মহামায়া দেবী দুর্গাকে স্তবাদি প্রার্থনা করিতে উপদেশ দেন| তারপর অর্জুন বলেন, আপনি যেখানে আসেন সেখানে মা দুর্গাকে উপাসনা করার প্রয়োজন নাই| তার উত্তরে শ্রীকৃষ্ণ বলেন, "দেবতারা যখন অসুরের কাছে বিপদে পড়ে ছিলেন তখন মহামায়া দেবী দুর্গাকে স্মরণ করেই অসুরদের হাত থেকে রক্ষা পেয়েছেন |" তাই তিনি অনন্ত শক্তির আধার ঈশ্বরীয় মহাশক্তি দুর্গা দেবী একজন পরম বৈষ্ণবী |

তারপরও শারদীয় দুর্গাপূজায় অকাল বোধন নামে একটি অনুষ্ঠান আছে | কিন্তু শরৎকালে বাসন্তী পূজায় ইহা নাই | তবে বাংলা বছরে দেবতাদের শ্রাবণ মাস থেকে পৌষ মাস পর্যন্ত দক্ষিণায়ন বা রাত্রি | আবার মাঘ মাস থেকে আষাঢ় মাস পর্যন্ত উত্তরায়ণ বা দিন | এই ছয় মাস দিন আবার ছয় মাস রাত্রি দেবতাদের জন্যই তখন দেবতারা ঘুমন্ত াবস্থায় থাকে | ঐ সময় দেবী দুর্গা নিদ্রিতা তাই সেই সময় পূজায় মহাশক্তির অকাল বোধন বা জাগরণ করতে হয়| তারপর দশমীর দিন পূজা শেষে নির্মল জলে দর্পণ বিসর্জন দিতে হয় | দুর্গা পূজা শেষে মন্দির প্রদক্ষিণ করতে হয় | প্রতিমা বিসর্জন শেষে ছেলেমেয়েরাসহ বয়স্করাও কোলাকুলি করেন এবং মায়েরা সিঁথিতে সিঁদুর পরিধান করেন এবং মিষ্টি বিতরণসহ খাওয়ার ব্যবস্থা থাকে| পরিশেষে সাংস্কৃতিক অনুষ্ঠান চলে | এই বিজয়া দশমী থেকে আগামী বিজয়া দশমীর পূর্ব পর্যন্ত একটি চান্দ্র বছর বা বিজয় বছর ধরা হয় |

পুরাণে আছে- "দৈত্যবিঘ্ন, রোগ-শোক, পাপ, ভয় শত্রু হতে যিনি রক্ষা করেন তিনিই দেবী দুর্গা|" বেদে দেবীসূক্ত এবং মাহাত্ম কথা আছে| মার্কন্ডেয় পুরাণে আছে- "দুর্গম নামক অসুরকে বধ করেন বলে তার নাম দেবী দুর্গা | " শাস্ত্রানুযায়ী স্নান, পূজা, বলি, হোম ইত্যাদি হয়ে থাকে পূজায় | এইসব মিলে শারদীয় দুর্গাপূজাকে 'মহাপূজা' বলা হয়েছে |

তাই দেবী দুর্গাকে আমরা সকলেই প্রণাম মন্ত্র বলি-

শরণাগত দীনার্ত পরিত্রাণ পরায়ণে |

সর্বস্বার্তি হরে দেবী নারায়ণী নমোহস্তুতে ||

শ্রীশ্রী গয়াধাম

– তপন বিশ্বাস

শ্রীশ্রীগয়াধাম হিন্দুদের মহান ও পবিত্র তীর্থস্থান। গয় নামক অসুরের দেহের উপর এই মহাতীর্থ স্থাপিত, তাই এই পূণ্যভূমির নাম গয়া। সৃষ্টির আদিকালে শ্বেতকল্পে দৈত্যকুলে গয়ের আবির্ভাব। গয়ের পিতা ত্রিপুরাসুর এবং মাতা প্রভাবতী। গয় দৈত্য নয়। দীর্ঘ সহস্র বৎসর ধরে সমাধিস্থ হয়ে গয় কঠোর তপস্যা করেছিলেন। গয়াসুরের কঠোর তপস্যায় সকল দেবতারা ভীষণ শঙ্কিত, এমনকি ব্রহ্মা ও মহাদেবও বিচলিত হয়েছিলেন। তখন সকল দেবতারা ক্ষীরসমুদ্রে গিয়ে ভগবান বিষ্ণুর কাছে প্রার্থনা করেছিলেন তাঁদের রক্ষা করার জন্য।

দেবতাদের প্রার্থনায় প্রসন্ন হয়ে, ভগবান নারায়ণ গয়ের নিকট উপস্থিত হয়ে গয়কে বলেছিলেন – 'তোমার তপস্যায় প্রসন্ন হয়েছি, এখন বর প্রর্থনা কর'। গয়াসুর ভগবানের কাছে বর চেয়ে বলেছিলেন 'প্রভু, আমার দেহ যেন সকল পূণ্যভূমি ও পবিত্র তীর্থস্থান থেকেও পবিত্রতম হয়, আমাকে দর্শন-স্পর্শন করে সকল জীব যেন বৈকুণ্ঠে গমন করতে সমর্থ হয়।' ভগবান বিষ্ণু 'তথাস্তু' বলে গয়ের বর অনুমোদন করে সেখান থেকে প্রস্থান করেছিলেন। এ ভাবে শ্রীবিষ্ণুর আশীর্বাদে গয়াসুরের দেহই সর্ব্বাপেক্ষা পবিত্র হয়েছিল।

ভগবানের আশীর্বাদ-প্রাপ্ত হয়ে, গয় যোগশক্তির প্রভাবে স্বীয় দেহ বহুদূর পর্যন্ত বিস্তৃত ও প্রসারিত করেছিলেন। গয়ের উদ্দেশ্য ছিল যেন অগনিত জীব তাঁর দেহ দর্শন-স্পর্শন করে মুক্তি লাভ করে। গয়াসুরের প্রবল প্রতাপে সাধু, সন্ন্যাসী, ঋষি ও দেবতাসহ সবাই ভীত সন্তস্ত্র হয়েছিলেন।

ভগবানের নিয়মানুসারে জরা-ব্যাধি, সুখ-দুঃখ, ভোগ-বিলাস, রোগ-শোক, জন্ম-মৃত্যু এ সবই জীবের কর্মের বিধান। গয়াসুরের কার্যকলাপে প্রকৃতি ও কর্মের বিধানে বিঘ্ন সৃষ্টি হয়েছিল। এ তে, দেবতারা খুবই শঙ্কিত হয়েছিলেন এবং জীব কল্যানের কথা চিন্তা করে আবারও বিষ্ণুর শরনাপন্ন হয়েছিলেন। এরপর ভগবান বিষ্ণু ব্রহ্মাজীকে এক যজ্ঞ সম্পাদনের নির্দ্দেশ দিয়ে সেই যজ্ঞের জন্য গয়াসুরের দেহটি চাইতে বলেছিলেন। যেহেতু বিষ্ণুর বরে গয়াসুরের দেহটিতে সকল পবিত্র তীর্থভূমির গুণাবলী বিরাজমান ছিল, যজ্ঞের জন্য সেই দেহটি ছিল যথোপযুক্ত।

নারায়ণের নির্দ্দেশে ব্রহ্মাসহ দেবতারা গয়ের নিকট গিয়ে বিনীতভাবে তাঁর দেহটি যজ্ঞের জন্য চাইলেন। গয়াসুর জগৎ কল্যানের জন্য সানন্দে স্বীয় দেহটি দান করতে সম্মত হয়ে বলেছিলেন – 'সকলের উপকারের জন্য আমার দেহে যজ্ঞ হবে, এতে আমি ধন্য হব'। তারপর গয় তাঁর দেহ প্রসারিত করে দিলেন এবং তাঁর মস্তকের উপর একখণ্ড শিলা স্থাপন পূর্ব্বক যজ্ঞ আরম্ভ হল। গয়ের দেহ তখন কম্পিত হয়েছিল। তখন ভগবান বিষ্ণু তাঁর গদাঘাতে গয়ের দেহটি নিশ্চল করে দিয়েছিলেন এবং গয়ের মস্তকের উপর স্বীয় শ্রীপাদ স্থাপন করে গয়কে বর দিয়ে বলেছিলেন –

যাবৎ পৃথ্বী পর্ব্বতাশ্চ যাবচ্চন্দ্রার্কতারকাঃ।
তাবচ্ছিলায়াং তিষ্ঠন্তু ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরাঃ॥
পঞ্চ ক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়া-শিরঃ।
তন্মধ্যে সর্ব্বতীর্থানি ত্রৈলোক্যে যানি তানি বৈ॥
শ্রদ্ধং সপিণ্ডকং যেষাং ব্রহ্মলোকং প্রয়ান্তু তে।
– বায়ুপুরাণ

'যে পর্য্যন্ত পৃথিবী, চন্দ্র, সূর্য্য, গ্রহনক্ষত্র থাকবে ততকাল এই শিলায় ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর থাকবেন। পঞ্চক্রোশ বিস্তৃত গয়াক্ষেত্র, এক ক্রোশ গয়াশির। সকল দেবতা ও সব তীর্থ এখানে অবস্থান করুক। এইস্থনে যা'দের সপিণ্ডক শ্রাদ্ধ হবে, তারা ব্রহ্মলোকে গমন করে পরম গতি লাভ করুক'।

এইভাবে গয়ের শরীরের উপর গয়াক্ষেত্র, যাহা ফল্গু নদীর তীরে অবস্থিত। পিণ্ডদান আচারানুষ্ঠান শুরু হয় ফল্গুতীরে এবং শেষ হয় অক্ষয় বটবৃক্ষ তলায়। গয়াক্ষেত্রের যেস্থানে ভগবান বিষ্ণু তাঁর শ্রীচরণ গয়ের মস্তকে স্থাপন করেছিলেন, সেই স্থানে বিষ্ণুপাদ মন্দির। এই মন্দিরের বিশেষ বৈশিষ্ঠ হচ্ছে এক শিলার উপর ভগবানের পদচিহ্ন। স্বর্ণ কলস ও স্বর্ণ পতাকা শোভিত শ্রীবিষ্ণুপাদ মন্দিরে অষ্টকোণ প্রস্তরফলকের উপর শ্রীবিষ্ণুর পাদপদ্ম স্থপিত।

শাস্ত্রমতে মৃত ব্যক্তির নাম উচ্চারণ পূর্ব্বক পুত্র, জ্ঞাতি অথবা যে কেহ গয়াশিরে পিণ্ডদান করলে প্রেতাত্মা মুক্ত হয়ে স্বর্গে গমন করেন। বৈদিক বিধি অনুযায়ী, সাধারণতঃ মৃত ব্যক্তির পুত্রই পিণ্ডক্রিয়া করার যোগ্য। তবে জ্ঞাতি, স্বজন, বন্ধু ও কুলের অন্যান্য ব্যক্তিরাও প্রেতের উদ্দেশ্যে পিন্ড অর্পণ করতে পারেন। গয়ায় তিনটি স্থানে পিণ্ডদানাদির নিয়ম। প্রথমে ফল্গু নদীতে পিণ্ডকার্য্য আরম্ভ হয়, তারপর বিষ্ণুপাদ মন্দিরে এবং পরে অক্ষয় বটে। যেসব ব্যক্তির অপঘাতে মৃত্যু হয় তাদের মুক্তির জন্য প্রেতশিলা পর্ব্বতে তর্পণ ও পিণ্ডদানের নিয়ম আছে।

পুরাণাদি শাস্ত্রের লিপিবদ্ধ তথ্য অনুসন্ধান করলে দেখা যায়, প্রাচীন কাল থেকে অনেক মহর্ষি, রাজা ও মহাপুরুষেরাও গয়াধামে পিতৃব্যদের আত্মার সৎকারের জন্য পিণ্ড কার্য্য সম্পাদন করেছিলেন।

ভরদ্বাজ মুনি তার পিতৃগণের উদ্দেশ্যে গয়াধামে পিণ্ডদান করেছিলেন। শাস্ত্রে উল্লেখ আছে যে, তাঁর পিতৃব্যরা হস্ত প্রসার করে পিণ্ডগ্রহণ করে উদ্ধগতি প্রাপ্ত হয়েছিলেন।

ত্রেতাযুগে ভগবান শ্রীরামচন্দ্র তাঁর পরলোকগত পিতার দ্দেশ্যে পিণ্ড উৎসর্গ করার জন্য গয়াধামে গিয়েছিলেন। ত্রেতাযুগের স্থিতিকাল ছিল ১২,৯৬,০০০ বৎসর। ত্রেতার পরে দ্বাপর যুগ, যার স্থিতিকাল ছিল ৮,৬৪,০০০ বৎসর। বর্তমান সময় কলি যুগ, যার শুরু মহাভারত যুদ্ধের পরবর্তী সময় থেকে। বৈদিক মতে এই যুগের স্থায়িত্ব হবে ৪,৩২,০০০ বৎসর, যার থেকে প্রায় ৫,০০০ বৎসর গত হয়েছে। সেই হিসাবে, ভগবান শ্রীরামচন্দ্র গয়াধামে পিণ্ডকার্য্য সম্পাদন করতে গিয়েছিলেন, কয়েক লক্ষ বৎসর পূর্বে।

কথিত আছে স্নান, শুচি ও শ্রাদ্ধকার্যের সামগ্রী সংগ্রহের জন্য ভগবান শ্রীরাম ও তাঁর ভ্রাতারা যখন অন্যত্র ব্যস্ত ছিলেন, তখন সীতাদেবী ফল্গুতীরে অপেক্ষা করেন। সেই সময়ে সীতাদেবী আকাশ থেকে স্বর্গীয় পিতা দশরথের কণ্ঠস্বর শুনতে পান। দশরথ সেই মুহুর্তেই পিণ্ড আকাঙ্খা করেন। সীতার কাছে সেই মুহুর্তে পিণ্ড অর্পণের কোন সামগ্রী ছিল না। সীতাদেবী স্বর্গীয় পিতৃব্যকে একটু অপেক্ষা করার জন্য অনুরোধ করে বলেছিলেন, তাঁর পুত্ররা পিণ্ডকার্য্যের সামগ্রী নিয়ে কিছুক্ষনের

(১২ম পৃষ্ঠায় দেখুন)

MOTHER DURGA AND THE KRISHNA CONSCIOUSNESS

- Madhurya Krishna Bhattacharya

Mother Durga is the external potency of the Lord, and she is associated with Lord Siva, and Lord Siva is considered as the greatest of the Vaisnavas:

Nimna-ganam yatha ganga
devanam acyuto yatha,
Vaisnavanam yatha sambhuh
purananam idam tatha.

Just as the Ganga is the greatest of all rivers, Lord Acyuta the supreme among deities and Lord Sambhu [Siva] the greatest of Vaisnavas, so Srimad-Bhagavatam is the greatest of all Puranas.(Srimad Bhagavatam 12.13.16)

The goddess Durga is called mother, and Lord Siva is called father. A pure Vaisnava should be very careful to engage in his specific duty without criticizing others. This is the safest position. Otherwise, if one tends to criticize others, he may commit the great offense of criticizing a Vaisnava.

We all are the children of mother Durga, but she is not an ordinary mother. As soon as there is a small discrepancy with the demonic behavior, mother Durga immediately punishes the demon so that he may come to his senses. This is explained by Lord Krishna in Bhagavad-gita (7.14):

Daivi hy esa guna-mayi
mama maya duratyaya,
Mam eva ye prapadyante
mayam etam taranti te.

"This divine energy of Mine, consisting of the three modes of material nature, is difficult to overcome. But those who have surrendered unto Me can easily cross beyond it." To surrender to Krishna means to surrender to His devotees also, for no one can be a proper servant of Krishna unless he is a proper servant of a devotee. *Chariya Vaisnava-seva nistara payeche keba*: without serving a servant of Krishna, one cannot be elevated to being a servant of Krishna Himself.

As stated in the Padma Purana by Lord Siva to mother Parvati:

Aradhananam sarvesam
visnor aradhanam param,
Tasmat parataram devi
tadiyanam samarcanam.

"Of all types of worship, the worship of Lord Visnu is best, and better than the worship of Lord Visnu is the worship of His devotee, the Vaisnava." There are many demigods worshiped by people who are attached to material desires (*kamais tais tair hrita jnanah prapadyante'nya-devatah* [Bg. 7.20]). Because people are embarrassed by so many material desires, they worship Lord Siva, Lord Brahma, the goddess Kali, Durga, Ganesa and Surya to achieve different results. However, one can achieve all these results simultaneously just by worshiping Lord Visnu.

All the demigods are different parts of the Lord, and if we offer service to them, we actually serve the Lord Himself. Demigod worship is mentioned in Brahma-samhita, but actually the slokas advocate worship of the Supreme Personality of Godhead, Govinda. For instance, worship of the goddess Durga is mentioned this way in Brahma-samhita (5.44):

Sristi-sthiti-pralaya-sadhana-saktir eka
Chayeva yasya bhuvanani vibharti Durga
Icchanurupam api yasya ca cestate sa
Govindam adi-purusam tam aham bhajami.

"The external potency, maya, who is of the nature of the shadow of the Cit [spiritual] potency, is worshiped by all people as Durga, the creating, preserving and destroying agency of this mundane world. I adore the primeval Lord Govinda, in accordance with whose will Durga conducts herself."

Following the orders of Sri Krishna, the goddess Durga creates, maintains and annihilates. The ordinary people do not know that mother Durga-devi is but the shadow or the external energy of the Lord Sri Krishna. Behind her astonishing display of material workings is the direction of the Lord, as confirmed in the Bhagavad-Gita (9.10) " This material nature, which is one of My energies, is working under My direction, O son of Kunti, producing all moving and nonmoving beings. Under its rule this manifestation is created and annihilated again and again".

We should worship the demigods in that spirit. Because the goddess Durga satisfies Krishna, we should therefore offer respects to goddess Durga. Because Lord Siva is nothing but Krishna's functional body, we should therefore offer respects to Lord Siva. Similarly, we should offer respects to Brahma, Agni and Surya. There are many offerings to different demigods, and one should always remember that these offerings are usually meant to satisfy the Supreme Personality of Godhead. In the Mahabharata, among the thousand names of Visnu, it is said *yajna-bhug yajna-krid yajnah*. The enjoyer of yajna, the performer of yajna and yajna itself are the Supreme Lord.

According to a verse of the Vedic mantras, *parasya saktir vividhaiva sruyate*: [Sri Chaitanya Charitamrita. Madhya 13.65] the Supreme Personality of Godhead has different varieties of energies. As stated in Bhagavad-gita, all living entities are marginal energies of the Supreme Lord. Therefore it is the duty of all living entities to serve this Supreme Person. Durga is the representation in the material world of both the marginal and external energies, and Lord Siva is the representation of the Supreme Person. The connection of Lord Siva and Ambika, or Durga, is eternal. Sati could not accept any husband but Lord Siva. How Lord Siva remarried Durga as Himavati, the daughter of the Himalayas, and how Karttikeya was born, is a great story in itself.

(Continued on page 22)

SOCIETY NEWS

BSPC Shree Shree Shyama Puja 2012

Venue: **Redgum Centre**
2 Lane Street, Wentworthville
Date: **Saturday 10 November 2012**



Puja: 7.30 pm
Pushpanjali: 8.45 pm
Proshadam: 9.00 pm
Cultural Program: 9.30 pm

You are invited with your Family & Friends

Puja Pronami

The Executive Committee has decided the Pronami for this year's Durga Puja is $50 per member family, and for Shyama Puja is $25. As usual, this is a nominal amount. However, Society is always open to accept any amount a member and devotee wishes to donate.

Deepavali at NSW Parliament House with partnership of BSPC

Like last few years BSPC will proudly contribute and participate in celebrating Deepavali at NSW Parliament House with other organisations and Hindu temples in NSW on Tuesday 13 November 2012. In this function Hindu community leaders and Priests from various community groups and temples along with NSW Ministers and MPs will attend. BSPC has been a proud member of the official executive committee of this yearly celebration.

Membership Renewal

Members are earnestly requested to renew their membership by paying the subscription at the Durga Puja Donation counter. For your information, the membership subscription per year is $25.00.

The Executive Committee highly appreciates your valuable continued contribution in running and driving the Societal activities.

CPCL News

Recently, following the Annual General Meeting in August 2012, the new Executive Committee has restructured the CPCL Board and appointed a new seven member Board of Directors for the year 2012-13. The newly appointed CPCL Board in its first meeting has allocated responsibilities of Board members as follows:

- Mr Mrinalendu Dey, Director & Chairperson
- Dr Swapan Paul, Director & Vice Chairperson
- Dr Narayan Das, Director & Chief Operating Officer
- Mr Subal Chowdhury, Director & Treasurer
- Dr Swapan Dey, Director
- Mr Utpal Shaha, Director
- Mr Litu Podder, Director

The Board has noted lack of major initiatives during last few years for obvious reasons. It has then resolved to organise a strategy meeting after the Durga Puja Festival to formulate short to medium term action plans for the CPCL. The Board will invite particularly CPCL and BSPC executives, however, if any other members are willing to attend may notify Dr Narayan Das for the invite.

(Continued on page 13)

বি.এস.পি.সি'র 'রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তী ২০১২' পালিত

প্রবাসে বাংলা সংস্কৃতি চর্চার ধারাবাহিকতার অংশ হিসেবে রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তী পালনে 'বাংলাদেশ সোসাইটি– পূজা ও সংস্কৃতি' (বি.এস.পি.সি) এবার দশ বছর পূর্ণ করেছে। রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তীর দশম বর্ষপূর্তীর তাৎপর্যকে অর্থবহ করার লক্ষ্যে বি.এস.পি.সি প্রবাসে বেড়ে উঠা নব প্রজন্মদের পরিবেশনায় রবীঠাকুরের গীতি–নৃত্য–নাট্য 'শ্যামা' মঞ্চায়নের মাধ্যমে সিডনীতে নতুন এক দৃষ্টান্ত স্থাপন করে। অনুষ্ঠানটি পরিবেশিত হয় গত ১৯শে মে শণিবার, স্থানীয় গ্র্যানভিল টাউন হলে।

বরাবরের মত এবারেও এ অনুষ্ঠানটির প্রথম পর্বে ছিল কিশোর–কিশোরীদের মধ্যে উপস্থিত বক্তৃতা (Public Speaking) এবং বিতর্ক প্রতিযোগিতা। হাইস্কুল ও ইউনিভার্সিটিগামী ছেলে–মেয়েদের জন্য নির্ধারিত বিতর্ক প্রতিযোগিতার বিষয় ছিল "We must celebrate Rabindra-Joyanti in Australia". বিকাল ৫টায় অনুষ্ঠিত বিতর্ক প্রতিযোগিতার স্বপক্ষে– অভন্তি গোমস্ (শ্রেয়া), অন্তরা চৌধুরী, ও তিথি রায়, এবং বিপক্ষে– শ্বেতা দে, প্রমি সাহা ও পলিন মল্লিক অংশ নেয়। প্রতিযোগিতার স্বপক্ষ ও বিপক্ষ দলের যুক্তি খন্ডনে সহায়তা করে যথাক্রমে ক্রিস্টিনা সাহা ও মিষ্টি পাল। স্বপক্ষের দল বিতর্কে বিজয়ী হয় এবং পলিন মল্লিক শ্রেষ্ঠ বক্তা হিসাবে নির্বাচিত হয়। বিতর্ক প্রতিযোগিতার পর অনুষ্ঠিত হয় প্রাইমারী স্কুলগামী ছেলে–মেয়েদের জন্য নির্ধারিত উপস্থিত বক্তৃতা– বিষয় ছিল "What do I enjoy most in our Bengali cultural events". উপস্থিত বক্তৃতায় অংশ নেয়– অনন্যা চৌধুরী (জয়া), দীপ্র রায় চৌধুরী, ও দেবলিনা চৌধুরী। এতে বিজয়ী হয় অনন্যা চৌধুরী (জয়া)। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন– ডঃ রতন লাল কুন্ডু, ডঃ গীরিজা মল্লিক, ডঃ সন্তোষ রায় ও ডঃ দেবাশীষ মজুমদার। উপস্থিত বক্তৃতা এবং বিতর্ক প্রতিযোগিতা পরিচালনা করেন ডঃ ভিন্সেন্ট গোমস্ এবং তাঁকে সার্বিক সহায়তা করে মিস শুভ্রা ভৌমিক।

সন্ধ্যা ৭টায় অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে শুরু হয় রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তীর সাংস্কৃতিক অনুষ্ঠান। সাংস্কৃতিক সম্পাদিকা মিস তিথন অনুষ্ঠান পরিচালনার দায়িত্ব পালন করেন। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন মিসেস নন্দিতা কুন্ডু (নিপা) ও মিসেস বর্ণালী। সাংস্কৃতিক অনুষ্ঠানটি দু'টি পর্বে বিভক্ত ছিলঃ প্রথম পর্ব ছিল– তিন কবির গান, নাচ ও আবৃতি, এবং দ্বিতীয় পর্বঃ দিনের বিশেষ আকর্ষণ– রবীঠাকুরের গীতি–নৃত্য–নাট্য **'শ্যামা'**।

প্রথম পর্বের শুরু হয় সদ্য প্রয়াত ভুপেন হাজারিকাকে শ্রদ্ধা জানিয়ে তাঁর গাওয়া 'সবার হৃদয়ে রবীন্দ্রনাথ চেতনাতে নজরুল' গানটির ভিডিও প্রদর্শনের মাধ্যমে। এই পর্বের বিশেষ উল্লেখযোগ্য দিক ছিল নব প্রজন্মের ছেলে–মেয়েদের কাছে রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তীর গুরুত্বকে অর্থবহ করার লক্ষ্যে ইংরেজীতে তিন কবির পরিচিতি পরিবেশনা। নব প্রজন্মের তিনজন ছেলে–মেয়ে Internet থেকে তথ্য সংগ্রহ করে ৩–৪ মিনিটের একটি প্রবন্ধ তৈরী করে উপস্থাপন করে তিন কবির পরিচিতি। রবীন্দ্রনাথের অংশে প্রথমেই রবীন্দ্র পরিচিতি পরিবেশন করে পৃথা বাড়ৈ। এরপর নাচ পরিবেশন করে ঋতুপর্ণা ধর। এরপর দু'টি করে গান পরিবেশন করেন যথাক্রমে সুজন আশিক, মন্জুর হামিদ কঁচি ও সিরাজুস সালেকিন। এঁদের দরাজ গলায় গাওয়া গান সকলের মন জয় করে নেয়। রবীন্দ্র পর্ব শেষ হয় ডঃ রতন লাল কন্ডু, নির্মল চক্রবর্তী, মালা ঘটক, আশুতোষ বাড়ৈ ও তপন শীলের পরিবেশিত একটি বৃন্দ আবৃতি দিয়ে।

এরপর শুরু হয় নজরুল পর্ব। এতে নিজ গবেষণালব্ধ কবি পরিচিতি ইংরেজীতে পরিবেশন করে অর্ঘ্য সেন। এটি শেষ হতেই 'ঐ নুতনের কেতন উড়ে কালবোশেখির ঝর' গানের সাথে দ্বৈত নৃত্য পরিবেশন করেন অজন্তা ভট্টাচার্য ও আরুষা ভৌমিক। এরপর 'সৃজন ছন্দে আনন্দে নাচে নটরাজ' গানের তালে একক নাচ পরিবেশন করে শ্বেতা দে। নাচ শেষে পরপর গান পরিবেশন করেন যথাক্রমে– রথীন্দ্রনাথ ঢালী, রিতা সাহা, সুমি দে, ফারুক আহমেদ, নিলুফার ইয়াসমীন ও অমিয়া মতিন। এ পর্বের শেষ পরিবেশনা ছিল একটি কোরাস গান যাতে অংশ নেয় বি.এস.পি.সি–র শিল্পীবৃন্দ, এরা হলেন– রঞ্জনা সরকার, সুমি দে, মধুমিতা সাহা, নির্মল চক্রবর্তী, মালা ঘটক, রথীন্দ্রনাথ ঢালী, এঞ্জেলিনা ঢালী, স্বপন সাহা রায় ও নির্মল পাল।

নজরুল পর্বের শেষের রেশ ধরেই শুরু হয় সুকান্ত পর্ব, যার প্রথমেই ইংরেজীতে কবি পরিচিতি পরিবেশন করে সুদীপ্ত সরকার এবং এ পর্বে সুকান্তের "ঠিকানা" কবিতাটি দ্বৈত কণ্ঠে আবৃতি করেন মালা ঘটক ও কাজল পাল। এই পর্ব শেষ হয় বি.এস.পি.সি–র শিল্পীবৃন্দের পরিবেশনায় কোরাস গান– 'হিমালয় থেকে সুন্দরবন হঠাৎ বাংলাদেশ' দিয়ে। পুরো অনুষ্ঠানের গানের সাথে তবলায় সংগদ করেন জন্মেজয় রায়। আর অনুষ্ঠানের ধারা বিবরণী রচনা করেন ডঃ রতন লাল কুন্ডু।

অনুষ্ঠানের মঞ্চ ও আলোক সজ্জায় ছিলেন ডঃ স্বপন পাল, সজীব রায়, পার্থ সরকার, স্বপন সাহা রায়, নির্মল চক্রবর্তী। অনুষ্ঠানের শব্দ নিয়ন্ত্রনে ছিলেন সিরাজুস সালেকিন।

এরপর রাতের খাবারের স্বল্প বিরতি দিয়ে শুরু হয় দ্বিতীয় পর্ব, দিনের বিশেষ আকর্ষণ– রবীঠাকুরের গীতি–নৃত্য–নাট্য **'শ্যামা'**। এটি পরিবেশন করে বি.এস.পি.সি–র নব প্রজন্মের কিশোর–কিশোরীরা। এতে অংশ নেয়–

শ্যামাঃ তিথন পাল
বজ্রসেনঃ স্নিগ্ধা দে
উত্তীয়ঃ শর্মিলালোধ
প্রহরীঃ রিক সাহা
কোটালঃ অঙ্কনসেন
বন্ধুঃ শ্রেয়া গোমস্
শ্যামার সখিগনঃ অন্তরা চৌধুরী, আরুষা ভৌমিক, বৃন্তা নন্দী, চিত্রা দাস, ক্রিস্টিনা সাহা, পলিন মল্লিক, প্রমি সাহা, পূজা সরকার, শ্বেতা দে ও তিথি রায়।

এ নৃত্য–নাট্যের দলীয় নৃত্য পরিচালনায় ছিল মিস অন্তরা চৌধুরী এবং সার্বিক পরিচালনা করেন মিসেস জয়ন্তি চৌধুরী।

সাংস্কৃতিক অনুষ্ঠানের সার্বিক পরিকল্পনা, ব্যবস্থাপনা ও সমন্বয়ে ছিলেন সাংস্কৃতিক সম্পাদিকা মিস তিথন পাল।

নৃত্য–নাট্যের সাথে শেষ হয় রবীন্দ্র–নজরুল–সুকান্ত জয়ন্তী অনুষ্ঠান। অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক সম্পাদিকা মিস তিথন পাল অনুষ্ঠানে অংশগ্রহনকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং সব অতিথি শিল্পীদেরকে ফুলদিয়ে সম্মান জানাতে বি.এস.পি.সি–র সভাপতি নির্মল চৌধুরী ও সাধারণ সম্পাদক নির্মাল্য তালুকদারকে মঞ্চে আহ্বান জানায়। সাধারণ সম্পাদক অতিথি শিল্পীদেরকে একে একে মঞ্চে আমন্ত্রন জানান এবং সভাপতি শিল্পীদের ধন্যবাদ ও কৃতজ্ঞতাস্বরূপ প্রত্যেককে একটি করে সাদা গোলাপ উপহার দেন। এরপর সাংস্কৃতিক সম্পাদিকা নৃত্য–নাট্যে অংশগ্রহনকারী সকলের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতাস্বরূপ নৃত্য–নাট্যের পরিচালিকা মিসেস জয়ন্তি চৌধুরীকে একটি ফুলের তোরা উপহার দেয়। সবশেষে সংগঠনের সভাপতি নির্মল চৌধুরী অনুষ্ঠানে আগত সকল সদস্য–সদস্যা, অতিথি, অংশগ্রহনকারী শিল্পীবৃন্দ, ও অন্যান্য কলাকুশলীকে ধন্যবাদ জানান। সোসাইটির সকল সদস্য –সদস্যাকে যাদের সার্বিক সহযোগিতায় অনুষ্ঠানটি সফলকাম হয়েছে তাদের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

বি.এস.পি.সি–র এবারের এই বিশেষ সাংস্কৃতিক সন্ধ্যা উপস্থিত দর্শক–শ্রোতাদের মনে বিশেষ স্থান করে নিয়েছে যা বিশেষ করে প্রবাসে বেড়ে উঠা নতুন প্রজন্মের কাছে একটি উৎসাহ ব্যাঞ্জক ধারা সৃষ্টিতে বিশেষ অবদান রাখবে।

BSPC AGM 2012 HELD SUCCESSFULLY

This year the Annual General Meeting (AGM) 2012 of Bangladesh Society for Puja & Culture was successfully held on Sunday 6th August 2012 at Granville Town Hall, 10 Carlton Street, Granville. The meeting was presided by the then President Mr Nirmal Chowdhury and conducted by the then General Secretary Mr Nirmalya Talukder. With an overwhelming attendance the members actively participated in constructive discussion on various reports presented in the meeting. In the end, members elected a new Executive Committee for the period of 2012-2013.

During the meeting the, plus Treasurers' report and the General Secretary's reports were presented.

General Secretary of BSPC Mr. Nirmalya Talukder welcomed members and thanked them for their active participation in BSPC matters. The meeting approved the Minutes of the previous AGM.

In his report the CPCL Treasurer Mr. Subal Chowdhury presented to members the summary of financial status of the CPCL. After the Treasurers report the CPCL COO Dr Narayan Das gave a presentation on CPCL's current and future plan.

BSPC Treasurer Mr Nikhil Paul presented the financial report in a summary form for the financial year 2011 -12 that included the BSPC legal expenses, and members approved the financial report. In the General Secretary's report Mr Nirmalya Talukder mentioned about all activities that were carried out by the EC. The report started with BSPC reconciliation and court proceedings where a brief of the reconciliation process and court proceedings was presented. The EC paid special thanks to Mr Nirmal Paul for his hard work and effort as BSPC Plaintiff. The EC also expressed thanks and gratitude to our solicitors Mr Mukul Dey & Mr Rodney Kent for soliciting our court proceedings, and Mr Roger de Robillard for representing us as Barrister in the Supreme Court. The EC expressed its sincere thanks to all members who gave Affidavit and/or witness as well as those who attended the court hearings and provided financial assistance to the court expenses. Members present in the meeting accepted all these activities and appreciated everyone involved in the process.

The GS's report also included a summary of Workshop on achievements and planning that it held in July. The program contained a rich presentation on Court Proceedings, planning on "BSPC Activities", "Youth Participation", "Review of Constitution" and "CPCL". During last financial year 12 new members joined BSPC. Members present in the AGM congratulated and welcomed all these new members. Then an open discussion took place on the General Secretary's report. Members actively participated in the discussion of various aspects of this report and finally approved the GS' report.

In conclusion, the President gave his brief speech to the members by thanking all for their support and active participation in Societal matters. He also emphasised the importance of getting our youngsters involved the Societal activities and expressed his hope of having it continued. As per the constitution, he then dissolved the current Executive Committee and handed over the responsibility to the Election Commissioner to conduct an election to elect the new Executive Committee members.

The General meeting minutes were taken by Mr Arup Roy Chowdhury.

The election commissioner Dr Renu Deb took the chair. By receiving single nomination for each EC position she declared all nominees elected without any contest. She introduced all EC members one after another, and announced that name of the Public Officer who as per the BSPC constitution is the newly elected General Secretary Mr Litu Podder. Members congratulated the newly elected EC. Suring the Election process Dr Deb was assisted by Mr Subal Chowdhury & Mr Ashoke Roy. The new EC members are listed in page 2 of this issue of Nibedan

Thanks to the Election Commissioner

The newly elected Executive Committee expresses its sincere thanks to the election commissioner Dr Renu Deb-Das for conducting a very successful Election to form the new BSPC Executive Committee. Also thanks to Mr Subal Chowdhury & Mr Ashoke Roy for their assistance to the Election Commissioner.

BSPC ACHIEVEMENTS AND PLANNING SESSION HELD

The last Executive Committee of BSPC successfully held "BSPC Planning and Workshop" on 24 June 2012 at Granville Town Hall, Granville. The objective of this planning session was to present to members the achievements of BSPC over past year and a half that include the reconciliation process and legal proceedings of BSPC, and future planning of BSPC. The session tried to obtain members' opinion and views on how BSPC should be run in upcoming years. A large number of members attended this workshop and contributed to the day's program through their opinion and suggestions on BSPC activities.

The Achievements and Planning sesisons was conducted by BSPC General Secretary Mr Nirmalya Talukder and chaired by the President Mr Nirmal Chowdhury. The workshop started with the welcoming message from the General Secretary and President. The GS Mr Talukder then briefed members about the objectives of the event.

As part of the preparation of this event, the EC formed some teams headed by members and requested them to prepare a report on their initial findings of the specific areas and present that to members as the initial findings. The areas presented were-

BSPC Achievements: This included a presentation on recent BSPC court matters followed by Q&A session with members. Team leader- Mr Nirmal Paul, Members- Mr Mrinal Dey, Dr Narayan Das, Mr Nirmalya Talukder and Mr Nirmal Chowdhury.

Planning of BSPC: This included four different areas where members' views were obtained on how we should move forward in re-building BSPC. The areas are-

Youth Participation: Team Leader- Miss Tithan Paul, Member- Mr Satyajit Pal.

Review of BSPC Activities: Team Leader- Mr Surajit Roy, Members- Mr Rathindra Nath Dhali, Mr Dhruba Bhowmik, Dr Bikash Ghosh, & Mr Arup Roy Chowdhury.

CPCL Activities: Team Leader- Dr Narayan Das, Members- Dr Swapan Dey & Dr Swapan Paul.

BSPC Constitution Review: Team Leader- Mr Mrinal Dey, Members- Mr Nirmal Paul, Dr Narayan Das & Dr Sudhir Lodh.

The program started with BSPC Achievements. Mr Nirmal Paul and his team members presented the report that summarised various areas of BSPC achievements especially, highlighting the BSPC reconciliation process and the court outcomes. Members present appreciated Mr Paul for his dedication and hard work in the court proceedings as well as representing the BSPC in the court as plaintiff.

In the planning of BSPC section, it started with the "Youth Participation" part which was presented by Miss Tithan Paul & Mr Satyajit Pal. In preparing the report they conducted a survey among our young generation which brought some important points and suggestions for the BSPC.

Summary of Youth Participation Findings-

- Better organise the Art Competition – coordinated and assisted by youths and children.
- Provide lessons to know about Hindu culture.
- Young adults and youths to organise sports and other events involving youths.
- Include local stuff in Debate/ Public speaking topics.
- Organise Gala Nites, Cultural Shows, Run Fashion Show on Gods/Goddesses.
- Assist youths with understanding the meaning of Pujas, Anjali, project on a projector screen the Anjali mantras at the time of the Anjali, Holi participation, Boishakhi Mela etc.
- Movie nights - religious/cultural
- BSPC Facebook page; Web participation.
- Youth will modernise BSPC and run it not the same way; adults need to be open minded.
- Conduct feedback surveys regularly and it should be done every two/few years
- Our youths should get involved with other community youth organisations
- Modernisation of BSPC by creating discussion forum, YouTube, Facebook etc.
- Teaching of everyday puja rituals at home such as Gita recitation, Anhik etc.

The next presentation was BSPC activities. Mr Surajit Roy and Mr Rathindra Nath Dhali presented this part.

Summary of BSPC Activities Findings:

- Include new members- new migrants, overseas students.
- Improve quality of existing BSPC programs.
- Link BSPC to other mainstream Australian Cultural activities eg. Australia Day, Blood Donations etc.
- Increase women participation.
- Encourage electronic communication.
- Find a permanent place for BSPC.
- Maintain unity, respect, transparency, business confidentiality.
- Encourage youth and young adults' initiatives and participation in BSPC activities/works.
- Introduce exclusively women-organised program for women only.
- Reward children for voluntary works, community works outside BSPC works.
- Strengthen/restructure religious learning by innovative/effective way of providing religious lessons/learning.
- Women's forum of BSPC with a coordinator. Family initiatives for religious learning.

CPCL Activities: This part could

(Continued on page 13)

Forms of Maa Durga

(Continued from page 3)

Moonand jasmine. She is of eight years old. Her clothes and ornaments are white and clean. She has three eyes. She rides on bull. She has four hands. The above left hand is in 'Avaya', fearless mudra (posture) and lower left hand holds weapon 'Trishul'. The above right hand has 'Tambourine' and lower right hand is in blessing posture. She is calm and peaceful and exists in peaceful style. It is said that when the body of Gauri became dirty due to dust and clay while observing penance, Shiva makes it clean with the waters of the Ganges. Then her body became bright like lightening. Therefore, she is known as 'M**aha Gauri'**.

9) Siddhidatri

Ninth Durga is '**Siddhidatri'**. There are eight Siddhis, they are- Anima, Mahima, Garima, Laghima, Prapti, Prakamya, Iishitva & Vashitva**.** Maha Shakti provides all these Siddhies (successes)**.** It is said in 'Devipuran' that the Supreme God Shiva got all these Siddhies by worshipping Maha Shakti. With her gratitude the half body of Shiva has become of Goddess and therefore his name 'Ardhanarishvar' has become famous. The goddess Siddhidatri rides on Lion. She has four hands and looks pleased. This form of Durga is worshiped by all Gods, Rishis-Munis, Siddhas, Yogis, Sadhakas and devotees for attaining the highest religious rites.

(Source: www.durga-puja.org/mythology.html)

শ্রীশ্রী গয়াধাম

(৬ষ্ঠ পৃষ্ঠার পর থেকে)

মধ্যেই ফিরবেন। কিন্তু স্বর্গীয় পিতৃদেব দশরথ তাঁর হস্ত প্রসারিত করে, সীতাকে বলেছিলেন বালু দিয়ে যেন সেই মুহূর্তেই পিণ্ড প্রদান করা হয়। নিরুপায় হয়ে ও পিতৃদেব দশরথের আদেশ অনুসারে সীতাদেবী দশরথকে বালুর পিণ্ড প্রদান করেছিলেন এবং দশরথ তাঁর প্রসারিত হস্ত দ্বারা সেই পিণ্ড গ্রহণ করেছিলেন। সেই পিণ্ডকার্য্যের সময় সীতাদেবী নিকটস্থ ফল্গু নদী, গাভী, তুলসী, ব্রাহ্মণ ও অক্ষয় বট - এই পাঁচকে সাক্ষী রেখেছিলেন।

ইতিমধ্যে শ্রীরামচন্দ্র শ্রাদ্ধসামগ্রী নিয়ে এসে শাস্ত্রীয় আচারমতে পিণ্ডানুষ্ঠান শুরুর আয়োজন করেন। সীতাদেবী তখন শ্রীরামচন্দ্রকে উপরোল্লিখিত ঘটনা বর্ণনা করেন। কিন্তু স্বাভাবিক কারণেই সেই বালুপিণ্ডদান ঘটনা রামচন্দ্রের কাছে অনেকটা অবিশ্বাস্য মনে হয়েছিল। সে-সময় সীতাদেবী পাঁচ সাক্ষীকে সত্য যাচাইয়ের সহায়তা চাইলে, শুধুমাত্র অক্ষয় বট সীতাদেবীর পক্ষে সত্য কথা বলেছিল। বাকী চার সাক্ষী সত্য যাচাইয়ে অসীকৃতি জানিয়েছিল। সত্য গোপন করার অপরাধে সীতা কর্তৃক চার সাক্ষী অভিশপ্ত হয়েছিল। সীতার অভিশাপে ফল্গু নদী জলধারা হারিয়ে শুষ্ক বালিরাশিতে পরিনত হয়েছে। এই নদীর উপরিভাগে এখন শুধু মরুভূমির মত বিস্তৃত বালি আর বালি। কিন্তু বালি সরালেই নীচে জল পাওয়া যায়। সীতাদেবী বটবৃক্ষকে বর দিয়েছিলেন - তাই গয়াধামের এই বটবৃক্ষ অক্ষয়, অমর ও চিরসবুজ। এই বটবৃক্ষতলায় আচারানুষ্ঠান পিণ্ডদান সংস্কারের সর্বশেষ অংশ।

গয়ায় জলধারা বিহীন ফল্গু নদী

গয়াধামের সেই অক্ষয় বট

দ্বাপর যুগে ভীষ্মদেব তাঁর পরলোকগত পিতার উদ্দেশ্যে গয়ায় বিষ্ণুপাদ মন্দিরে পিণ্ডদানের সময়, তাঁর পিতা শান্তনু তা' স্বহস্তে গ্রহণ করে পুত্রকে আশীর্বাদ করেছিলেন। ধর্ম্মরাজ যুধিষ্ঠির গয়ায় গিয়ে তাঁর পিতার উদ্দেশ্যে পিণ্ডদান কার্যাদি করায় তাঁর পিতা পান্ডু অত্যন্ত প্রীত হয়ে আশীর্বাদ করে বলেছিলেন -'পুত্র, তুমি সশরীরে স্বর্গগমনে সমর্থ হবে'।

শ্রীগৌরাঙ্গ মহাপ্রভূও পিতৃপিণ্ডাদি দানের জন্য গয়ায় গিয়েছিলেন। শ্রীবিষ্ণুপাদ মন্দিরে পিণ্ডকার্য্য সম্পাদনের সময় কৃষ্ণ প্রেমে তিনি উন্মত্ত হয়েছিলেন। এই গয়াধামেই শ্রীচৈতন্য মহাপ্রভূ তাঁর গুরুদেব শ্রীঈশ্বর-পুরীর সাক্ষাত পেয়ে তাঁর থেকে দীক্ষা নিয়েছিলেন।

এইভাবে পরলোকগত পিতৃকুলের আত্মার সদ্গতির জন্য গয়াতীর্থে পিণ্ডদান আদিকাল থেকেই প্রচলিত প্রথা। ইহা বৈদিক সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অঙ্গ। রামায়ন ও মহাভারতে গয়াধমের কথা উল্লেখ করা হয়েছে। বায়ু পুরাণে গয়াধামের মাহাত্ম্য বিশেষভাবে বর্ণনা করা হয়েছে।

গৃহাচ্চলিতমাত্রেণ গয়ায়াং গমনং প্রতি।
স্বর্গারোহণসোপানাং পিতৃনাঞ্চ পদে পদে।
পদে পদে অশ্বমেধস্য যৎ ফলং গচ্ছতো গয়াম॥ *- বায়ুপরাণ*

অর্থাৎ গয়া যাত্রার প্রতি পদে পদে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয় এবং প্রয়াত পূর্ব্ব পুরুষগণের স্বর্গারোহণের সোপান প্রস্তুত হয়।

এই মহান গয়াতীর্থে প্রয়াত পিতৃ-মাতৃকুলের উদ্দেশ্যে শ্রাদ্ধ-তর্পণ ও পিণ্ডদান হিন্দুদের আবশ্যিক কর্তব্য। গয়ায় যেকোন সময় পিণ্ডদান, তিল-তর্পণ কার্য্যাদি করা যায়। তবে পিতৃপক্ষই পিণ্ডদান শ্রাদ্ধকৃত্যাদির জন্য উত্তম সময়। প্রতি বছর শারদীয় দুর্গাপূজার ঠিক আগে কৃষ্ণ পক্ষের প্রতিপদ তিথি থেকে মহালয়ার অমাবস্যা পর্যন্ত এই পিতৃপক্ষ।

শাস্ত্রমতে জন্মের পর পরই আমরা পূর্ব্বপুরুষ, দেবতা এবং ঋষিদের কাছে ঋণী। পরলোকগত পিতৃ-মাতৃকুল ও পূর্ব্বপুরুষদের উদ্দেশ্যে শ্রদ্ধা-ভক্তি ও কৃতজ্ঞতা সহকারে প্রার্থনা নিবেদন পূর্ব্বক গয়াধামে পিণ্ডদান ক্রিয়া পূর্ব্বপুরুষদের ঋণ স্বীকার, তাঁদের প্রতি আনুগত্য ও কিঞ্চিৎ ঋণ পরিশোধের উত্তম সুযোগ ও শাস্ত্রমতে একান্ত কর্তব্য। গয়াকৃত্যাদি সম্পাদনের মাধ্যমে ব্যক্তির হৃদেয়ে কুল, ধর্ম্ম, সংস্কৃতি, মাতৃভূমি, মাতৃভাষা ও ঐতিহ্যের প্রতি নিষ্ঠা ও শ্রদ্ধাবোধ সুদৃঢ় হয়। বেদ, যজ্ঞ, গয়া, গঙ্গা, হরিনাম ও গীতা - এসব সনাতন ধর্মের মূল ভিত্তি। বেদ সনাতন ধর্ম্মের মূল শাস্ত্র, যজ্ঞ প্রাচীনতম মূল ধর্ম্মানুষ্ঠান, গয়া আবশ্যিক তীর্থ, গঙ্গাস্নান হিন্দুদের সার্ব্বজনিক কর্তব্য, হরিনাম সাধন কীর্তনে ভক্তি মুক্তি ও গীতা সর্ব্বশাস্ত্রের সার।

CPCL News

(Continued from page 8)

While the Board would be working on possible major fund raising initiatives, it has emphasised the great benefit of continuing regular fund raising arrangement through direct and indirect contribution and supporting activities from BSPC members and well-wishers.

The Board once again has noted with thanks participation of all those members and supporters who have been contributing to the Mandir (CPCL) fund. The new Board earnestly requests BSPC members to pay their contribution dues at the members' earliest convenience.

In addition, the Board also reminds all BSPC members and well-wishers to return Ghatts they currently have at home and collect a new one from the CPCL counter at the Durga Puja venue.

- CPCL Board

BSPC Achievements and Planning

(Continued from page 11)

not be presented in full length on the day due to short of time which was later presented in the AGM. Summary of their findings are- "EC should arrange Fund Raising events, such as cultural program by famous artists, cultural nights and dinners, to raise fund for purchasing land/property for the temple of BSPC in cooperation with Directors of the CPCL Board."

Constitutional Review: This part was presented by Mr Mrinal Dey. The summary of the findings are - the EC needs to make a sub-committee for "Constitution Review" including members with knowledge of the previous Constitution and Regulations relating to the Incorporated Associations and members, who are aware of the needful to do for the best interest of the BSPC in the long run.

The EC expressed its sincere thanks and gratitude to all members for their participation and contribution to this Achievements and Planning sessions. All findings of the sessions have been passed on to the next EC for their appropriate actions.

Youngsters Achievements

Congratulations to our following youngsters for their brilliant achievements in securing a place in ***Selective School:***

- **Anosua Roy**
  School: Blacktown Girls High School
  Parents: Mr Ashoke & Mrs Nipa Roy
- **Rishi Dutta**
  School: Baulkham Hills High School
  Parents: Mr Debashis & Mrs Jean Dutta
- **Arpan Sengupta**
  School: Alexandria Park Community School
  Parents: Mr Tapas & Mrs Shuvra Sengupta
- **Arunima Basu**
  School: Girraween High School
  Parents: Mr Aloke & Mrs Alpana Basu
- **Prodipto Kumar Roy Chowdhury**
  School: Girraween High School
  Parents: Mr Tapan Shil & Mrs Deepannita Chowdhury

Chorus Recitation in RNS Program

Shyama Dance-Drama Participants in RNS Program

গুরু, গুরুভক্তি ও গুরুভক্তির পরকাষ্ঠা

– ডঃ সন্তোষ রায়

অখন্ড মন্ডলাকারং ব্যাপ্তম যেন চ রাচরম।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরুভে নমঃ।
অজ্ঞান তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া,
চক্ষুরুন্মিলিতং যেন তস্মৈ শ্রীগুরুভে নমঃ।
গুরুব্রহ্মা, গুরুবিষ্ণু গুরুদেবোমহেশ্বর,
গুরু সাক্ষাৎ পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরুভে নমঃ।।

গুরু প্রণামের এ শ্লোকটি থেকেই গুরুর প্রয়োজনীয়তা, গুরুর ব্যাপ্তি বা প্রাধান্যতা সম্পর্কে ধারনা পাওয়া যায়। এখানে গুরুর পদযুগলকে মহাবিশ্বের সাথে তুলনা করা হয়েছে–যার কোন আদি অন্ত নাই। তদুপরি অজ্ঞানতার অন্ধকারের মাঝে গুরু যেন এক জ্ঞানের আলাকবর্তিকা যাহা চোখ বুজেও উপলব্ধি করা যায়। আর ঐ জ্ঞানবর্তিকা জীবকে অজ্ঞানতার অন্ধকার থেকে আলোর পথে আনে। তাই এখানে গুরুকে সকল আদিদেব তথা ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও সর্বোপরি পরম ব্রহ্মার সাথে তুলনা করা হয়েছে। যেখানে গুরুর এত প্রাধান্য সেখানে জীবকূল হামেশাই গুরুর সান্নিধ্যে এসে থাকে। ভূমিষ্ঠ হবার পর থেকেই জীবকূল অনেক গুরুর সংস্পর্শে আসে।

''মাতা গুরু পিতা গুরু গুরু জ্যেষ্ঠ ভাই
তার চেয়ে অধিক গুরু ভজিলে সে পাই।''

এখানে গুরুকূলকে তিনভাগে ভাগ করা হয়েছে–শিক্ষাগুরু, দীক্ষাগুরু, ও পরমগুরু। জন্ম দেবার পর থেকেই মাতা তার সন্তানকে সর্বান্তকরনে এ পৃথিবীতে বসবাসের উপযোগী করতে অনেক কিছুই শিক্ষা দিয়ে থাকেন। সুতরাং তিনি প্রথম সারির শিক্ষাগুরু। পিতা সন্তানকে শিক্ষা দেবার পাশাপাশি, স্ব স্ব ধর্মে দীক্ষা দিয়ে থাকেন। জ্যেষ্ঠ তথা তথা বড় ভাই থাকলে তার ছোট ভাইকে পরিবেশের উপযোগী করতে অনেক কিছুই শিখিয়ে থাকেন। এটাই প্রাকৃতিক নিয়ম। কিন্তু এত সবের উপরও আর এক প্রকার গুরু হলেন পরমগুরু বা Spiritual Teacher। আর যেখানে প্রাতিষ্ঠানিক সুশিক্ষার অভাব–সেখানে পরমগুরু এক বিশিষ্ট স্থান দখল করেন শিষ্যের নৈমিত্তিক জীবনে। আর এখানে গুরু শিষ্যের মাঝে এক মধুর অলিখিত সম্পর্ক গড়ে উঠে। এমন এক পর্যায় আসে যখন গুরু আর গুরু থাকেন না–হয়ে যান বন্ধু ও পথনির্দেশক। পর্যায়ক্রমে একে অন্যের উপর নির্ভরশীল হয়ে পরেন। কালক্রমে এ নিয়ে অনেক উপাখ্যান ও গানের উৎপত্তি হয়েছে। পৌরানিক কাহিনী আরুনীর উপাখ্যান এখানে উল্লেখযোগ্য।

গুরুর সাথে ভক্তিবাদ ও আধ্যাত্মবাদ অঙ্গাঙ্গিভাবে জড়িত। ভক্তি ছারা কেবল কর্ম বা জ্ঞান মুক্তি দিতে পারেনা। সেবাপরায়ন ভক্ত জ্ঞানহীন হলেও কেবল ভক্তি সাধনের দ্বারা মুক্তি লাভে সমর্থ হন। ভগবানের কৃপার ফলেই জীবের ভাগ্যে সৎসঙ্গ লাভ হয়। সৎগুরু লাভও তার কৃপার ফলেই হয়ে থাকে। তিনি গুরু ও অন্তর্য্যামীরূপে এ সমস্ত ভাগ্যবান জীবের হৃদয়ে প্রবেশ করে বিশেষ ভক্তিশিক্ষা দান করেন। যেমন গানের ভাষায়–

ভক্তি ছাড়া ভক্ত মিলেনা–ভক্ত হবার আঁশে,
ভক্তিধন যদি পেতে চাও মন, যাওনা ভক্তের কাছে।
ভক্তের সাথে চলফির মন–ভক্তের সঙ্গে থাক,
ভক্তপদরজঃ এনে আপন অঙ্গে মাখ।মনরে, আপন অঙ্গে মাখ।
ভক্তের অধীন ভগবান হন–সবার কাছে জানা
ভক্তিচিত্তে মনপ্রাণ তার পায়ে সঁপনা, মনরে তার পায়ে সঁপনা।।

ভক্তিবাদ ও আধ্যাত্মিকতার যুগে এরকম শত শত গান রচিত হয়েছিল। কিন্তু সংরক্ষনের অভাবে অনেকাংশই বিলুপ্তপ্রায়। যেমন–

ও মন গুরু ভজরে–ওরে সোনার চান,
দিনদরিয়ায় উঠলে তুফান কে দিবে আসান,
ও মন গুরু ভজরে.....।
গুরু ভজ, গুরু জপ, গুরু কর সার
ভবপারের বৈতরনী তিনিই করবেন পার,
ও মন গুরু ভজরে.....।
আইছ ভবে, যাইতে হবে, পথের সম্বল কি
গুরু ভজেই সম্বল কররে–ও মন আর বা উপায় কি
ও মন গুরু ভজরে.....।।

ভক্তিবাদ ও আধ্যাত্মিকতাবাদ প্রাগৈতিহাসিক কাল হতেই সর্বভারতীয় সমাজ ব্যবস্থায় শিকড় গেরে আছে। লালন ফকিরের কল্যানে তা আবার পুনরুজ্জীবিত হয়েছে। তার প্রায় প্রতিটি গানেই গুরুবাদ ও আধ্যাত্মিকতা প্রকট হয়ে দেখা দিয়েছে। যেমন–

''গুরু গো .... ও গুরু ....
বেদ বিধিপথ শাস্ত্র কানা–আরেক কানা মন আমার,
এসব দেখি কানার হাট বাজার .... (২)
এক কানা কয় আরেক কানারে
চল এবার ভবপারে .... (২)
নিজে কানা পথ চিনেনা–পরকে ডাকে বারংবার,
এসব দেখি কানার হাট বাজার ..... (২)''

এখানে কানা হিসাবে অজ্ঞানতার অন্ধকারকেই বুঝানো হয়েছে ও একমাত্র গুরুকেই জ্ঞানালোকের পথপ্রদর্শক হিসাবে দেখানো হয়েছে।

আধ্যাত্মিকতার জগতে পৌঁছার জন্যে গুরুর উপর নির্ভরশীলতা চিরকালের। লালন ফকিরের আরেকটি গানে তা বেশ ভালোভাবেই ফুটে উঠেছে।

''গুরু আমার উপায় বলনা .... (২)
কর্মমন্দ, পোড়াকপাল আমি একজনা।
কোথা ছিলাম, কোথা যাবো, ভেবে পাইনা আমি
পথের সম্বল কোথা পাব বলে দাওনা তুমি।
গুরু তুমি বিনা এ জগতে আর তো কেহ নাই,
এপার থেকে অপর পারে তোমায় যেন পাই।
আমার ধর্ম কর্ম সবই দিলাম–আর তো কিছু নাই
চল গুরু পরপারেতে তোমার সাথে যাই।।''

আধ্যাত্মিকতা ও গুরুনির্ভরতার উপর লালনের আরেকটি গানঃ

''গুরু গো .... ও গুরু ও ও ....
আমার তরী একবার ভাসে একবার ডুবে
আমার একলা যেতে ভয় করে ....
চল গুরু দু'জনে যাই পারে .... (২)
পার ঘাটাতে আমি একজনা ....
পারের কড়ি না থাকাতে নায়ে উঠায়না।
আমি সাধন শুন্য, ভজন শুন্য গো .....
আমায় সাথে নিও পাড় করে
চল গুরু দু'জনে যাই পাড়ে .... (২)

তবে গুরু সান্নিধ্য লাভ করতে বা আধ্যাত্মিকতার জগতে প্রবেশ করতে গেলেও কিছুটা প্রাথমিক জ্ঞানের প্রয়োজন আছে। লালনের ভাষায়–

আমারে কি রাখবেন গুরু চরনের দাসী(২)
জঠর যন্ত্রনা পেয়ে এসেছিলাম করাল দিয়ে
সে সকল গিয়েছি ভুলে জগতে আসি।
আমারে কি রাখবেন গুরু চরনের দাসী(২)
চিনলাম না মন, গুরু কি ধন
করলাম না তার সেবা পূজন .....
করতে বুঝি হলরে মন তোরে প্রবাসী
আমারে কি রাখবেন গুরু চরনের দাসী(২)
গুরু যাহার আছেন সহায় মন বলে তার ডর আছেকি
লালন বলে মন তুই আমায় করলিরে প্রবাসি।।

অনেক সময় গুরুদাক্ষিন্ন পেলেও সর্বজ্ঞানী হওয়া যায়না। গুরু পথ প্রদর্শক মাত্র, যে পথ তিনি বাৎলে দিয়েছেন সে পথ দিয়ে নিষ্ঠা সহকারে এগিয়ে গেলেই না পরম প্রাপ্তি হবে। লালনেরই কথায়–

''সর্ব সাধন সিদ্ধ হয় তার ভবে মানুষ

(১৫শ পৃষ্ঠায় দেখুন)

গুরু, গুরুভক্তি ও গুরুভক্তির পরকাষ্ঠা

(১৪ম পৃষ্ঠার পর)

গুরু নিষ্ঠা যার (২)
নদী কিম্বা বিল বাওড় খাল, সর্বস্তরে একই সে জল
একা মেখে তাই হেরে সর্বদাই মানুষে বিধি তাই হয় বেদান্তর।
নিরাকারে জ্যোতির্ময় যে, আকার সাকার হইল সে,
দিব্য জ্ঞানী হয় তবে জানতে পাই কলিযুগে হয় মানুষ অবতার।
ভবে মানুষ গুরু নিষ্ঠা যার
বহুতর্কে দিন বয়ে যায়–শিক্ষাতে ধন প্রকটে তায়–
সিরাজ সাঁই ডেকে বলে লালনকে–মিথ্যা তর্কে কি প্রয়োজন হায়।।"

লালন ফকিরের এ দর্শন সম্ভবত তার গীতা জ্ঞান থেকেই এসেছিল। শ্রী শ্রী গীতার একটি শ্লোকে যেমন লেখা আছে–

শ্রদ্ধাবান লভতে জ্ঞানং তৎপর সংযতেন্দ্রিয়ঃ
জ্ঞানং লব্ধাপরাং সর্বভূতেষু অধিগচ্ছতি।।

এখানে এটাই উপলব্ধি হয় যে শ্রদ্ধেয় ব্যাক্তি প্রাথমিক ভাবে যদি নিষ্ঠা সহকারে সকলপ্রকার ইন্দ্রিয় দমনপূর্বক জ্ঞান আহরনে সর্বশক্তি প্রয়োগ করে ও পরবর্তীতে অর্জিত জ্ঞান সকল জীবকে দান করতে পারে।

শ্রী শ্রী গীতার দ্বাদশ অধ্যায়ে ভগবান শ্রীকৃষ্ণ ভক্তিযোগকে পরম ব্রহ্মে পৌঁছার একমাত্র পথ হিসেবে দেখিয়েছেন। নবম অধ্যায়ে তিনি বলেছেন–

সর্বধর্মান পরিত্যাজ্য মামেকং শরনং ব্রজঃ
অহং তাং সর্বপাপেভ্যু মুক্ষয়িস্বামি মা শোন।

এখানে তিনি মহাভারতের অর্জুনকে সর্বজীবের প্রতিনিধিরূপ ধরে জীবকে অতি নিষ্ঠা সহকারে তাঁর ভক্ত হতে, তাঁকে সর্বদা শরন করতে ও ধর্মাধর্ম বিবেচনা না করে সর্বতোভাবে তাঁর উপর নির্ভরশীল হতে বলেছেন। এবং এর মাধ্যমেই ইহকাল ও পরকালের পরমপ্রাপ্তি লাভ সম্ভব বলে তিনি দাবী করেছেন। স্বামী বিবেকানন্দও ভক্তিবাদকে "the path of systematised devotion for the attainment of union with absolute" হিসাবে বিবেচনা করেছেন। আর শ্রীচৈতন্যদেবের ভক্তিবাদ তথা আধ্যাত্মবাদ তো সর্বজনবিদিত, ভক্তিবাদের মাধ্যমে হিন্দুধর্মকে অতি সহজভাবে সর্বসমক্ষে তুলে ধরেছেন। বিংশ শতাব্দির ISKON movement এর প্রমাণ।

তবে গুরুকে ভগবানের সাথে তুলনা করাটা বাহুল্য বলেই আমার মনে হয়। ভগবান শব্দটির অর্থ বিশ্লেশন করে শাস্ত্রে বলা হয়েছে

ঐশ্বর্য সমগ্রস্য বীর্যস্য যশস্য শ্রিয়,
জ্ঞান–বৈরাগ্যরোশ্চৈবষনাং ভগ ইতিঙ্গনা।।

অর্থাৎ সমগ্র ঐশ্বর্য, সমগ্র বীর্য্য, সমগ্র যশ, সমগ্র সৌন্দর্য, সমগ্র জ্ঞান ও সমগ্র বৈরাগ্য– এ ছয়টি অনিন্দ শক্তি যার মধ্যে বিরাজমান–তিনিই ভগবান। এ সমস্ত গুণাবলী পরম কারন পরম ঈশ্বরের মধ্যেই দেখা যায়। জীবের মধ্যে আংশিকভাবে এ সমস্ত গুণাবলী দেখা গেলেও কখনও পূর্ণরূপে এ ছয়টি গুণের প্রকাশ সম্ভব নয়। তাই জীব কখনও ভগবান হতে পারেনা। আর গুরুকে ভগবান জ্ঞান করে তার পাদোদক বা চরনামৃত খাওয়াও গুরুভক্তির পরাকাষ্ঠা বলেই আমার মনে হয়। এরূপ একটি ঘটনার বিবরন দিয়েই আমার এ রচনার ইতি টানবো বলে মনে করছি।

পুরাকালে কোন এক গুরুর এক শিক্ষিত কায়স্থ শিষ্য ও এক মূর্খ জেলে শিষ্য ছিল। সে সময়ে গুরুদের কাজ ছিল বৎসরে একবার হলেও শিষ্যের বাড়ীতে আতিথ্য নেয়া। সে বৎসর গুরুদেব গ্রীষ্মকালে তাঁর কায়স্থ শিষ্যের বাড়ীতে আতিথ্য নিয়ে শিষ্যকে তাঁর জেলে সতীর্থকেও নিমন্ত্রন করতে নির্দেশ দিলেন যাতে সে কি করে গুরুসেবা করতে হয় তা শিখে নিতে পারে। যেহেতু গ্রীষ্মকাল, কায়স্থ শিষ্য তাঁর গুরুদেবকে গরমের সময়োপযোগী খাদ্য ও পানীয় দিয়ে আপ্যায়নপূর্বক নরম বিছানায় শীতলপাটি বিছিয়ে বিশ্রামের আয়োজন করে দিলেন ও নিজে বসে থেকে সারারাত তালপাতার পাখার বাতাস করতে লাগলেন যেন গুরুর সুনিদ্রার ব্যাঘাত না হয়। আর তার সতীর্থ জেলেও তার সাথে থেকে গুরুসেবার কায়দা কানুন গুলো শিখে নিলো।

কথামত পরবর্তী শীতকালে গুরুদেব তাঁর জেলে শিষ্যের বাড়ীতে আশ্রয় নিলেন। শিষ্যও যথাসাধ্য শীতকালীন মাছ ও তাজা শাকসব্জি দিয়ে গুরুকে পরিতুষ্ট করে নানাবিধ ধর্মীয় ও আধ্যাত্মিক আলোচনায় মগ্ন হলো। এক পর্যায়ে গানের আকারে সে গুরুকে প্রশ্ন করলো–

কি মাছ ধরেছি বড়শি দিয়া .... ও গুরুজি
কি মাছ ধরেছি বড়শি দিয়া ।
ট্যাংরা তবু কাটন যায়–মাগুর মাছটা ক্যাটক্যাটায়
শিং মাছটায় মারছে কাঁটা –পরান যায় জ্বলিয়ারে
কি মাছ ধরেছি বড়শি দিয়া .... ।
ভেদা মাছে কেদা খায়, পুঁটি মাছের পরান যায়
বর্ষা হলে কই মাছটা চলে ডাঙ্গা দিয়ারে...
খইলসা মাছটা খাবি খায়, চিংড়ি মাছটা ছটফটায়
বাইম মাছটা ধরতে গেলে হাত যায় পিছলাইয়ারে
কি মাছ ধরেছি বড়শি দিয়া ..... (২)

বলা বাহুল্য জেলে শীতের রাতেও গুরুকে বিছানার উপর শীতলপাটি বিছিয়ে শুতে দিল। পরিশ্রান্ত গুরুদেব তাঁর গায়ের চাদরটা সম্বল করে সটান বিছানায় শুয়ে নিদ্রামগ্ন হলেন। জেলে তালপাতার পাখা দিয়ে বাতাস করতে করতে সেও ঘুমিয়ে পরলো। কিন্তু জেলেনী কুপির আলোতে তার শখের কাঁথাটি সেলাই করতে করতে গুরুদেবের উপর নজর রাখতে লাগলো। আর গুরুদেবের সটান অবস্থা রাত্রি বাড়ার সাথে সাথে ক্রমে ধনুকের মত বাঁকা, কুকুরের মত কুন্ডুলি ও শেষ রাতে বানিয়ার পুঁটুলির আকার ধারন করলো।

পরদিন সকালে গুরুদেব বাড়ী ফেরার তোরজোড় করতে করতে জেলেকে তাঁর কায়স্থ শিষ্যসহ অন্যান্যদের ডাকতে নির্দেশ দিলেন। কায়স্থ শিষ্য তার অতিথি সেবা কেমন হলো জিঁসে করাতে সে বললো, যে তাতে কোন ত্রুটি হয়নি। উপরন্তু জেলেনি নাকি প্রভূর চার অবতার দর্শন করেছে। কায়স্থ শিষ্য তো অবাক। জেলেনী কে জিজ্ঞেস করলো কি সে দেখেছে। তখন জেলেনী ছড়ার আকারে বললো–

প্রথম রাতে প্রভূ আমার ঢেঁকি অবতার
দ্বিতীয় প্রহরে প্রভূ ধনু অবতার
তৃতীয় প্রহরে প্রভূ কুকুর কুন্ডলী
চতুর্থ প্রহরে প্রভূ আমার বানিয়ার পুঁটুলি।।

তখন কায়স্থ শিষ্য বুঝতে পারলো গুরু তার জেলে শিষ্যের হাতে সারারাত শীতে কি কষ্ট পেয়েছেন।

এখানেই শেষ নয়। গুরু ফিরে যাওয়ার প্রাক্কালে জেলেনি তার সদ্য সমাপ্ত করা কাঁথাটা গুরুর সামনে এনে বললো যে এটা অতিথি সেবার জন্য উৎসর্গ করে দিতে হবে। এবার গুরুদেব পরলেন বিষম বিপদে। তিনি জনস্বার্থে পুকুর উৎসর্গ করেছেন, কূপসহ বলির পাঁঠাও উৎসর্গ করেছেন, কিন্তু কাঁথাতো উৎসর্গ করেন নাই। রেগে গিয়ে বললেন, কাঁথাটা গত রাতে দিলেই তা গায়ে দিয়ে উৎসর্গ করা যেত আর আমাকে শীতে এত কষ্ট করতে হতোনা। তখন জেলেনি বিনীতভাবে বললো যে কাঁথাটা সে কাল রাতেই শেষ করতে পেরেছে ও কাঁথা সেলাই করতে করতেই তার গুরুর একই রাতে চার অবতার দর্শন করতে পেরেছে। তখন গুরু আর কি করেন শিষ্যার মনোবাঞ্ছা পূর্ণ করতে কাঁথাটা নামাবলীর মতো গায়ে জড়িয়ে নিম্নোক্ত মন্ত্র পাঠ করলো–

"সহস্র তালিকাদেবী বহুসূতার গাঁথুনিতে
কম্বল বিকল্প হেতু কাঁথানি নমোহস্তুতে।।"

এবং বললো যে কাঁথাটাকে ভাল করে ক্ষারে কেঁচে ভবিষৎ অতিথিদের জন্য তুলে রাখতে। বলা বাহুল্য শত ব্যস্ততার মাঝে গুরুর আর দ্বিতীয়বার জেলে শিষ্যের বাড়ীতে আতিথ্য নেয়া হয়ে উঠে নাই।

শান্তি, সহাবস্থান ও দেবী দুর্গা

– অজয় দাশগুপ্ত

এক ভদ্রলোক আমাকে প্রশ্ন করেছিলেন 'দেবী দুর্গার হাত দশটি কেন'? এটা কি বাস্তবোচিত? যুক্তি বা তর্কে কখনো কেউ কাউকে হারাতে পারে না। জেতাও অসম্ভব। প্রাকৃত এবং অতি প্রাকৃত বিষয়ও মূলতঃ মানসিক। ফলে দেবী দুর্গার দশভুজারূপে বিচলিত কারো মনতুষ্টি সাধনও অসম্ভব। আমি শুধু বলেছিলাম 'মায়ের কথা ভাবুন, আমরা আমাদের মা'কে সব সময় দু'হাতে কাজ করতে দেখেছি। তারপরও বলি, এত কাজ মা করেন কি করে? মা'র কি দশ হাত?' বলেছি বহুপ্রজ লেখক বা সব্যসাচী সৃজনশীলদের কথা বলতে গিয়ে বলি 'মানুষটি অসাধারণ, চার হাতে লিখছে অথবা কাজ চালাচ্ছে।' কারো কি দু'য়ের অধিক হাত আছে না থাকে? তবু আমরা তাই বলে থাকি।

দেবী দুর্গার দশ হাতের মত বিভিন্ন দেব –দেবীর বাহন, অস্ত্র, শঙখ, পদ্ম ইত্যাদি নিয়েও প্রশ্ন ওঠে। প্রশ্ন তোলার জন্য বুদ্ধির প্রয়োজন থাকলেও প্রজ্ঞা লাগে না। ফলে অতি বিচক্ষণ বা নাস্তিক নামে পরিচিতজনদের প্রশ্নেরও অভাব নেই। আমরা যারা সংশয়বাদী, ভক্তিরসে টইটম্বুর বা অতি মাত্রায় সন্দেহপ্রবন নই, আমাদের স্বচ্ছতা অন্যত্র। জীবনের অনেক দূর্জেয় রহস্য, প্রকৃতির অজানা তথ্য, জীবনের জটিলতা বোঝা না বোঝার সন্ধিক্ষণে অবস্থান আমাদের। আমরা উড়োজাহাজ বুঝি, উড্ডয়ণ বুঝি, উড়ার রহস্য বুঝি না। আকাশের নক্ষত্র দেখি, সূর্য, চন্দ্র, তারকার সম্মিলন ভালোবাসি, গ্রহন বুঝি না। বুঝি না শান্ত, সুশীতল, নীল ঘন জলের সমুদ্রে কেন সুনামির জন্ম? আমাদের এক পরিচিত জন কৈলাসে গিয়েছিলেন– মহাদেবের পূণ্যভূমি, শিব তীর্থ। ছেলেবেলায় আমরা শিবের ছবি বা ব্যক্তি ইমেজে অভ্যস্ত ছিলাম না। জানতাম শিব মানে লিঙ্গ। এখন প্রযুক্তি ও আধুনিকতার কল্যানে ডম্বরু হাতে জটাধারী শিবের ছবিও পাওয়া যায়। মানস সরোবর ঘুরে আসা পরিচিত বন্ধুটি বলছিলেন পুরো এলাকাটাই দেখতে একটা শিব লিঙ্গ আকৃতির। ঘন ও নিবিড় দূর্গম অঞ্চলে পাহাড়ের মাঝখানে ঐ লিঙ্গ আকৃতি কি বিজ্ঞানের যুক্তি মানে? যদি মানেওবা, প্রশ্ন উঠবে কে কাকে অনুকরণ করলো? পাহাড় মানুষকে? নাকি মানুষ ঐ পাহাড়টিকে?

এজন্য ভক্তিবাদীরা বলেন 'বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহুদূর।' আমি অবশ্য তা মানি না। আমার কাছে দেবী দুর্গার চাইতে তাঁর মাতৃরূপটাই অসাধারণ, যাঁকে আমি কেবল ভয় পাবো অথবা ভীতি থেকে শ্রদ্ধা করব, তিনি আমাকে ভালোবাসবেন কিভাবে? কি উপায়ে তাঁর সাথে সখ্যতা হবে? গীতায় বলা হয়েছে, 'তমেব সখা চৈব', অর্থাৎ তুমি বন্ধু, তুমিই সখা। ভগবান বা দেবীকে সখা বা বন্ধুরূপে ভাবার কথা বই পুস্তকে থাকলেও আমাদের দেব–দেবীরা মূলতঃ ইংরেজ কায়দায় বস বা প্রভুর আসনে। অর্থনীতিবিদ্ ভবতোষ দত্ত লিখেছিলেন 'আমরা ভগবানকে বসাই মাস্টার তথা প্রভুর সিংহাসনে।' ভাবখানা এই, তুষ্ট করতে না পারলে শাস্তি আর ভজনা করলেই ফলাফল লাভ। আসলে কি তাই? যাঁদের আমরা অদৃশ্য ও ভজনার একমাত্র অবলোকনকারী, সর্বজ্ঞতা মনে করছি তাঁদের জন্য কি তোষামোদী বা দিন রাত ভজন ভজনার প্রয়োজন পড়ে? তাঁরাতো সবই দেখছেন, দেখছেন বলেই কর্মফল অথবা আমাদের কাজ–কর্মের ওপর নির্ভর করে ভাগ্য বন্টন করবেন। অথচ আমাদের দেশের দিকে তাকালে এর সম্পূর্ণ বিপরীত দৃশ্য চোখে পড়ে। ধর্ম আর আচরণের জোশ, উন্মাদনা, ভক্তির প্রাবল্য দেখে মনে হবে পৃথিবীর আর কোথাও ধর্ম চর্চা হয় না। ঈশ্বরেরও আর কোন কাজ কর্ম নেই। তাঁর দায়িত্ব কেবল সকলের দেখভাল। বাঙালির প্রাকৃতিক দুর্যোগ, অভাব অনটন, রাজনৈতিক ও সামাজিক অনাচার যোগ করলে ফলাফল দাঁড়াবে বিরাট এক প্রশ্নবোধক। তার মানে কি ঈশ্বর নেই? দেখুনতো কান্ড। দিন রাত ওয়াজ মাহ্ফিল. কীর্তন, নাচ গান ঈশ্বর ভাবনার দেশেই এত অশান্তি আর এত হট্টগোল, এত ভোগান্তি, ঘটনা ও দুর্ঘটনা। তবু আমরা বুঝি না, ঈশ্বর ও আচার মূলতঃ এক জিনিষ বা এক বিষয় নয়। এ দু'য়ে আছে বিস্তর ব্যবধান।

প্রবাসেও পূজা অর্চনা বা অন্য ধর্ম বিশ্বাসীদের আয়োজনের কমতি নেই। দেবী আরাধনার পাশাপাশি সংগঠন চর্চা ও ভেদাভেদে প্রবল আগ্রহ আমাদের। 'শান্তি স্থাপনার্থে সম্ভবামী যুগে যুগে' বলে যিনি ধরায় আসেন তাঁকে বা তাঁদের নিয়ে এত অশান্তি আর উৎকণ্ঠায় আমি অন্ততঃ ভীত নই। আমাদের আয়ুষ্কাল আর কতদিন? যারা এসব করবে বা করতে আগ্রহী হবে সেই সব তরুন–তরুনীদের কথা ভাবি। এরা কেন আমাদের অনুসরণ করবে, করতে আগ্রহী হবে? তার চেয়েও বড় কথা, যুক্তি আর প্রযুক্তির জগতে বড় হওয়া তারুন্য দেব–দেবীকে নিয়ে বিভেদ বা মত পার্থক্য দেখার পরও কি আমাদের মত সংস্কার আর আচরণে মেতে থাকতে চাইবে?

এসব প্রশ্ন বা জিজ্ঞাসার উত্তর নেই। যতক্ষণ না আমরা আমাদের কর্মপ্রবাহ আর বিশ্বাসকে এক করছি এর কোন সমাধানও নেই। ফলে এ নিয়ে দুশ্চিন্তাও অহেতুক। ঐযে বলেছিলাম দেবী দুর্গাকে আমি মাতৃরূপে দেখতে ভালোবাসি, মা'র কাছে সন্তানের চাওয়াও তাই অতি স্বাভাবিক। কি চাই, কি চাই না, তার হিসেব মেলানো বেহিসাবী মনের পক্ষে দুঃসাধ্য। আপাততঃ শান্তি ও মঙ্গলের বিশ্ব চাই, চাই ধর্মভেদে সব মানুষের কল্যান। অসাম্প্রদায়িক মনোজগত আর পূজা অর্চনার পান্তিপূর্ণ সহাবস্থান। দেবী দুর্গাকে এর চেয়ে উত্তম প্রণতি জানানোর বিকল্প কি সত্যি কিছু আছে?

dasguptaajoy@hotmail.com

প্রার্থনা

– সুদীপ্তা গোস্বামী

আসক্তির অগ্নিতে যেন না হই জরজর,
জড়াইওনা মোরে ক্রোধের অনলে।
বিদ্বেষের পাপে ডুবে না যাই যেন,
ভালোবাসা দিও এই অন্তরে।
নির্লিপ্ত কর মোরে পার্থিব বিষয়ে,
তুচ্ছ জ্ঞান করি যেন অমূল্য সম্পদে।
সুখের পরশে সদা রেখো চরন পাশে,
শক্তি যেন পাই দুঃখ সহিবারে।
জ্ঞান দিও প্রভূ তোমারে স্মরিতে,
শান্তি দিও এই বিশ্ব চরাচরে।
আনন্দময় কর সব দিনরাত্রি।
এই প্রার্থনা করি সকাশে।।

YoungSters Page



Festive Durga Puja

- Arundhati Orchi Dhali (7)

Durga Puja is the biggest annual festival for Bengali Hindus. Ma Durga is the goddess of strength. Like every year, we are waiting for Durga Ma to come among us. This year, Devi Durga will arrive on an elephant. We all enjoy the puja by praying to the goddess, playing with friends, and also by making new friends. We also enjoy dancing and singing on stage in the evening. Do you know that Devi Durga will leave by boat at the end of the puja this year?

My Bangladesh Trip

- Arkita Roy Chowdhury (8)

On the 23rd of June, my family and I travelled to Bangladesh to attend my mama's wedding. We flew with Malaysian Airlines. My uncle drove us to Sydney Airport. I sat next to my mum on the plane. I watched a couple of kid's movies on the plane.

We reached Dhaka at 12:15am local time. When we reached my grandparents apartment in Dhaka, I gave hugs to my dida, dadu, mashimoni & my cousin. The next day, my aunty and my mum went to Kolkata for three days to buy me jewellery & clothing. After a few days, my mama arrived in Dhaka and a few hours after him, my mesho arrived from USA. Two days later we went to Chittagong where the wedding ceremony was going to take place. We stayed at my dadu's house. Then on the 4th of July, it was my uncle's Bostralanker. We had lots of yummy food & met with lots of my mami's extended family members & friends. At the end, everyone danced (including me)! The next day was the wedding.

My mashimoni, mum, Bithi aunty and I went to a beauty parlour called 'Persona', where the girls put make-up on me and helped me to put my sari on. Then we headed off to the community centre where the brides' cousins and other family members held a gate for my uncle to cut and they sprayed foam on us! Finally we entered the hall and there were 2 stages. One was for Bithi aunty and the other was for my mama. Then both my mama and aunty walked down to the mandap, where two priests were waiting to perform the ceremony. I fell asleep in the middle of the ceremony but I saw the video later & watched the wedding. My auntie's chunry was tied to my uncle's panjabi and my aunty had to throw rice slowly as she walked around the mandap.

At dawn, when I woke up, I saw my mami's mum crying and then my mami and her other relatives also started to cry because my aunty had to leave her parents' for ever to live with my mama. It was a sad scene; my dad took my mami's hands off from her mum's hand. Then we all came back to my dadu's house with my new mami, where "Bodhu boron" happened & everyone fed sweets to my mama & mami. On 7th of July, it was the Jamai Bhata. The day after that we came back to Dhaka to attend the reception on 8th of July.

After a week, we had to leave Bangladesh as we had reached at the end of our trip. I was very sad to leave all my relatives. On our way back to Sydney, we stayed in Kuala Lumpur for three day, I had lots of fun in Bangladesh & Kuala Lumpur; especially the wedding and other ceremonies.

My experience with the underrated musical instrument Sarengi

- Neeladri Chakraborty (8)

Pundit Santosh Misra and Sangeet Misra have made my best life experience with a Sarangi. I was fully mistaken that Sarangi was another name for sitar, but my imagination came true when these duo played Sarengi in front of my own eyes.

The History of this instrument

The most ancient of stringed instruments is mentioned in the Rig Veda. It is likely that the upright 'been' is a modification of the earlier horizontally played Veena and also it is quite likely that travelling musicians, bands, mendicant and entertainers will have tried to develop the more primitive versions of stringed instrument for accompaniment. A close relative of modern Sarengi is mentioned in 13th century treatise on music called Sangita Ratnakara by Sarang Deva.

My Experience

Now I know how musical instruments communicate with each other like harmonium and thabla, sarangi and thabla and keyboard and guitar. 8th September 2012 I have seen Sarengi and thobla fighting against raag Yuman it was wonderful it took 45min. Sangeet Mishra started playing his Sarengi when he was 4 and a half Santosh Mishra was the same age as

